লেখনিগুলিতে এমন কিছু আছে যা তাকে কাফের বলে। সেজন্য বাধ্য করা হয়েছে প্রকাশ না করতে। নাকি তাতে এমন তাওহীদ আছে যা আল্লাহদ্রোহী শক্তি ও তাদের সমর্থকদের বিরোধিতা করে এবং রাজনীতি নিয়ে আলোকপাত করে এবং নিবেদন করে মুমিনের সাথে সম্পর্ক রাখা ও কাফেরের সাথে সম্পর্ক ছিন্ন করা এবং অসৎ কাজ থেকে বিরত থাকা সম্পর্কে। (পৃষ্ঠা- ১০৪ থেকে ১১০ পর্যন্ত আলোচনা করেছেন। যা আমি এ অবস্থায় তাতে পেয়েছি।)

শাঈখ হামদ বিন আতিক তাঁর '*সাবিল আন-নাজাত ওয়াল ফিকাক*' পুস্তিকায় বলেনঃ অনেক মানুষই মনে করে যখন কেউ দুটি শাহাদাত উচ্চারণ করতে পারবে এবং পাঁচ ওয়াক্ত সালাত পড়তে পারবে এবং মসজিদ বিমুখী হবে না তাহলেই তার দ্বীন প্রকাশ পাবে। যদিও সে মুশরিকদের মাঝে ব্যবসা করে অথবা দ্বীনত্যাগীদের স্থানে থাকে। তাহলে তারা দারুণ ভুল করবে।

জেনে রাখুন, কুফরের বিভিন্ন প্রকার রয়েছে কুফরীকারীদের সংখ্যানুযায়ী। প্রত্যেক কাফের গোষ্ঠীরই কুফরীর একটি ধরন প্রকাশ পেয়েছে আর ততক্ষণ পর্যন্ত একজন মুসলমান তার দ্বীন প্রকাশকারী বলে গণ্য হবে না যতক্ষণ না সে প্রত্যেক কাফের সম্প্রদায়ের কুফরীর বিরোধিতা করবে যা তার নিকট প্রকাশ পেয়েছে এবং তার বিরুদ্ধে শত্রুতা স্পষ্টভাবে প্রকাশ করবে এবং তাদের সাথে সম্পর্ক ছিন্ন করবে।

তিনি 'দুরারে সিনিয়্যাহ'তে আরও বলেনঃ দ্বীনের প্রকাশ হলো ঃ তাদের দ্বীনকে অস্বীকার করা, তাদের দ্বীনের দোষ বর্ণনা করা, তাদের সাথে সম্পর্ক ছিন্ন করা, তাদের সাহায্য ও তাদের প্রতি নির্ভরশীলতা হতে নিজেকে রক্ষা করা ও তাদের থেকে আলাদা হওয়া। শুধু সালাত পড়াই দ্বীন প্রকাশের জন্য যথেষ্ট নয়। (জিহাদ খণ্ড - ১৯৬ পৃষ্ঠা)

এবং শাঈখ সোলাইমান বিন সাহমান, (তাঁর এক কবিতায়) বলেন ঃ[১২]

এ দ্বীনের বহি প্রকাশ হয় তাদের সাথে স্পষ্ট
কুফরী দ্বারা যদি তারা কাফির সম্প্রদায় হয়।
এ শত্রুতা প্রকাশ পাবে এবং ঘৃণা স্পষ্ট হবে।
হে জ্ঞানীগণ! আপনাদের কি কোন চিন্তা নেই?
তাকে ঘৃণা করা, না ভালবাসা তা বুঝার জন্য অন্তর যথেষ্ট নয়।
আবার তার মানদণ্ড অন্তর নয়।
বরং মানদণ্ড হচ্ছে তুমি প্রকাশ্যে ও স্পষ্টভাবে
তাকে ভালবাস না, ঘৃণা কর তা জানিয়ে দেয়া।

তা ছাড়া শাঈখ ইসহাক বিন আব্দুর রহমান জিহাদ খন্ডের পৃষ্ঠা ১৪১-তে বলেন ঃ আল্লাহ যার চোখ অন্ধ করে দিয়েছেন তার দাবী ও ধারণা দ্বীনের প্রকাশ হচ্ছে, যে বাতিল আকীদা পড়ে অথবা যে বাতিলের ইবাদত করে তাকে নিষেধ না করার নাম। তার এ ধারণা যুক্তি ও শরয়ী উভয় দিক দিয়ে পরিতেজ্য। যে ব্যক্তি খ্রীস্টান, অগ্নীপূজক ও হিন্দু দেশে অবস্থান করবে তার জন্য এটা বাতিল বিধান। কেননা সালাত, আযান ও পাঠ্য বিষয় তাদের দেশেও বিদ্যমান আছে।

আল্লাহ তাঁকে রহম করুন, যিনি বলেছেন ঃ

"যারা মনে করে - লাব্বাইকা বলা, সালাত আদায় করা, অন্যায় হতে চুপ থাকা, নিরাপদ ও দ্বীনদারী লোক হ্রাস পেয়েছে। আর দ্বীন আল্লাহর জন্য ভালবাসা ও ঘৃণা, বন্ধুত্ব করা ও সম্পর্ক ছিন্ন করা প্রত্যেক পাপ ও বিপথ হতে বেঁচে থাকা ছাড়া আর কিছুই না।"

[১২] দিওয়ান 'উকুদ আল-যাওয়াহির আল-মুনদাদাহ আল-হিসান (৭৬ - ৭৭ পৃষ্ঠায়)।

- আর আবুল ওয়াকা বিন আকীল (রহঃ) বলেছেন, "তুমি যদি বর্তমান যুগের মুসলমানদের অবস্থান সম্পর্কে জানতে চাও তাহলে মাসজিদের গেটে তাদের ভীড়ের দিকে তাকিও না এবং তাদের লাবক্ষাইকা শোরগোলের দিকেও তাকিও না। বরং শরীয়তের শত্রুদের সাথে তাদের আচরণের দিকে তাকাও। আশ্রয় গ্রহণ করতে হবে দ্বীনের কেল্লায় এবং আল্লাহর শক্ত রজ্জুকে আঁকড়িয়ে ধরতে হবে। আল্লাহর ওলী মু'মিনদের সাথে জোট বাধতে হবে এবং এর বিরোধী শত্রুদের থেকে নির্ভয় হতে হবে। আল্লাহর নৈকট্য লাভ করার উত্তম পথ হচ্ছে, যে আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে তার সাথে শত্রুতা ভাব রাখা এবং হাত, জিহ্বা ও অন্তর দ্বারা যথাসাধ্য জিহাদ করা। (দুরারে সানিয়্যাহ, জিহাদ পর্ব, ২৩৮ পৃষ্ঠা)

দ্বিতীয় সতর্কীকরণ ঃ

মুশরিক ও শিরকের সাথে সম্পর্ক ছিন্ন করার বিপরীতে এখানে তৎপর হতে হবে (আল্লাহর দ্বীন ও তাঁর ওলীদের সাথে সম্পর্ক বজায় রাখা, সাহায্য করা, উপদেশ দেওয়া, কল্যাণ কামনা করা, এগুলো প্রকাশ করা) যাতে করে অন্তরগুলোর মাঝে বন্ধুত্ব গড়ে উঠে, দল মজবুত হয়। এটা হতে পারে কখনো কখনো আমাদের বিপথগামী মুওয়াহহিদ (আস্তিক) ভাইদেরকে সঠিক পথে আনার জন্য বলপ্রয়োগ। আবার কখনো কঠোর উপদেশ এবং নবীদের পথ ব্যতিত তারা অন্য যে পথে চলে তার সমালোচনা করে।

শাঈখুল ইসলাম (ইবন তাইমিয়্যাহ) বলেন, একজন মুসলিম অপর মুসলমানের নিকট এমন যেমনটি দুটি হাতের যার একটি অপরটিকে ধুয়ে দেয়। কখনো এক হাত অপর হাতের ময়লা পরিষ্কার করার প্রয়োজনীয়তা বোধ করে। আবার কখনো আরও কঠিন কাজ করা যার ফলাফলকে প্রশংসা করা হয়। এর পিছনে উদ্দেশ্য হলো, হাত দুটির নিরাপত্তা, সুস্থতা ও সার্বিক পরিচ্ছন্নতা। তাদের থেকে কোন অবস্থায় দায়মুক্তি হওয়াকে আমরা বৈধ মনে করি না। কেননা এক মুসলিমের তার অপর মুসলিম ভাইয়ের বন্ধুত্বের যে অধিকার আছে তা দ্বীনত্যাগ ও ইসলামের গণ্ডি থেকে বেরিয়ে না যাওয়া পর্যন্ত বহাল থাকে। আল্লাহ তা'আলা এ অধিকারকে বেশ বড় চোখে দেখেছেন। তিনি বলেছেন ঃ

যদি তোমরা তা না কর তবে পৃথিবীতে ফিতনা ও বিরাট বিশৃঙ্খলা সৃষ্টি হবে।
(আল-আনফাল ৮ঃ ৭৩)

বিপথগামী মুসলিমের সাথে দায়মুক্ত হওয়া যায় না শুধু তার বাতিল, বিদ'আত ও বিপথগামিতা হতে দূরে থাক অথবা তার সাথে মৌলিক বন্ধুত্ব বজায় রাখে। আপনি দেখেন না বিদ্রোহী ও তদ্রূপ অপরাধিদের হত্যা করার বিধান কেমন। কেমন দ্বীনত্যাগীদের হত্যা করার বিধান আমরা এর বিপরীত কিছু করে কখনো আল্লাদ্রোহী শক্তির চক্ষু শীতল করব না। যা অনেক মুসলমান নামধারীরা করে থাকে। যাদের হাক্ব এর পাল্লা বর্তমানে নষ্ট ও ভারসাম্যহীন হয়ে গেছে তারা। বরং

তারা তাদের পরিবর্তে তাওহীদপন্থীদের সাথে সম্পর্ক ছিন্ন ও গালাগালির চরম পর্যায়ে পৌঁছেছে এবং তাদেরকে হুমকিও দেয়। এমনকি অনেক সময় তারা পত্রিকার পাতায়ও ইসলাম ও মুসলমানদের বিরুদ্ধে বিষোদগার করে থাকে। কি আর বলব, এ ধরনের বোকাদের প্ররোচনা এবং তাদের দাবীর বিচারকদের ব্যাপারে।

এমনকি যারা ইসলামপন্থীদের ব্যাপারে এ ধরনের কথা বলে ও বিচার করে, তারা তাদের উপর বিভিন্ন অপবাদ ইসলাম পন্থীদের দমন করার জন্য ত্বগুতের পছন্দ মত ফতোয়া সংযোজন করে তারা এ কাজে অংশ নেয়। যেমন তারা মুজাহিদ বা ইসলামপন্থীদের সম্পর্কে বলে, বিদ্রোহী, বিচ্ছিন্নতাকামী, খারেজী, মৌলবাদী, এরা ইয়াহুদী খ্রীস্টান হতে ইসলামের জন্য বেশি ক্ষতিকারক, এ ধরনের অনেক কথা বলে। আর আমি অনেককেই চিনি যারা, কাফিরদের বিরোধিতা করে কোন মুসলমান তাদের হাতে ধরা পড়লে তারা অনেক খুশি হয় এবং (ব্যঙ্গ করে) বলে, "সেটা কি সাংঘাতিক?" অথবা এমনও বলে, "তারা (কাফেররা) যা করছে, ভালই করছে," এ ধরনের অনেক কথা যা তাকে জাহান্নামে সত্তর বছর পথের সমান নিয়ে যায়। কিন্তু সে তা বুঝতেই পারে না।[১৩]

জেনে রাখুন, মিল্লাতে ইব্রহীমের বৈশিষ্ট্যসমূহের বিশেষ বৈশিষ্ট্য এবং গুরুত্বপূর্ণ দিকগুলোর অনেকগুলোই আমাদের যুগের দা'য়ীরা সংক্ষেপ করেছেন এমনকি কতকগুলো বাদ দিয়েছেন ও মেরে ফেলেছেন। যেমন,

- মুশরিক ও মুশরিকদের বাতিল উপাস্যদের সাথে শত্রুতার প্রকাশ।
- মুশরিকদের, তাদের উপাস্য, মত, বিধানের ও তাদের শিরকী আইন ও বিধানের মৌলিকতা ও সত্যতা অস্বীকারের কথা ঘোষণা করা।
- তাদের সাথে শত্রুতা, ঘৃণা, তাদের কুফরী অবস্থা ও দৃষ্টিভঙ্গিকে ঘৃণা করা যতক্ষণ না তারা আল্লাহর দিকে ফিরে আসে এবং তা পরিপূর্ণভাবে ত্যাগ না করে তা থেকে খালাস না হয় সেটাকে অস্বীকার না করে।

আল্লাহ তা'আলা বলেছেন ঃ

---

[১৩] দ্রষ্টব্যঃ তিরমিযী ও ইবন মাজাহ-য় বর্ণিত, আবু হুরায়রাহ (রাঃ) হতে, যে রাসূলুল্লাহ (সঃ) বলেছেনঃ 'নিশ্চয়ই মানুষ এমন এতটি কথা বলে, যা সে মোটেও আপত্তিকর মনে করে না, অথচ সেটার জন্যই সে সত্তর বছর সময় ধরে আগুনে পড়বে।' আত-তিরমিযী বলেছেন, 'এই বর্ণনা অনুযায়ী হাদিসটি *হাসান গারীব*'। আল-আলবানী এটি সহীহ বলে আক্ষায়িত করেছেন।

ইব্‌রাহীম ও যারা তাঁর সঙ্গে ছিল তাদের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ। যখন তারা তাদের জাতিকে বলল, তোমাদের ও তোমরা আল্লাহ ছাড়া যাদের ইবাদত কর তার সাথে আমাদের সম্পর্ক ছিন্ন। আমরা তোমাদেরকে অস্বীকার করলাম। আমাদের ও তোমাদের সমাজে শত্রুতা ও ঘৃণা বোধের সূচনা হল যতক্ষণ তোমরা এক আল্লাহর প্রতি বিশ্বাস স্থাপন না কর। (মুমতাহিনা ৬০ঃ ৪)

- আল্লামা ইবনুল কাইয়্যিম (রহঃ) বলেন ঃ আল্লাহ মু'মিনদেরকে কাফিরদের সাথে বন্ধুত্ব করতে নিষেধ করার মানেই হলো তাদের সাথে শত্রুতা পোষণ করা, সম্পর্ক ছিন্ন করা, প্রত্যেক সময় তাদের কাজকে শত্রুতা বশত পরিত্যাগ করা। (মিন বাদায়েউল ফাওয়ায়েদ- ৩/৬৯)

- শাঈখ হামদ বিন আতীক (রহঃ) বলেন, আল্লাহর বাণী ঃ **"প্রকাশ পেল ও স্পষ্ট হলো।"** **'শত্রুতা'** কে **'ঘৃণা'** এর পূর্বে উল্লেখ করার কারণ হলো, প্রথমটি দ্বিতীয়টি অপেক্ষা বেশি গুরুত্বপূর্ণ। কেননা মানুষ মুশরিকদের ঘৃণা করে ঠিকই তবে শত্রুতা পোষণ করে না। তাই তিনি এমনভাবে উল্লেখ করেছেন যাতে করে শত্রুতা ও ঘৃণা একই সাথে হয়। তবে শত্রুতা ও ঘৃণা স্পষ্ট দু'টি নীতির আওয়ায। জেনে রাখুন, যদি ঘৃণা কেবল অন্তরের সাথে সংশ্লিষ্ট তাহলে তার প্রভাব ও নিদর্শন প্রকাশ না করা পর্যন্ত কোন উপকারই আসবে না। তেমনিভাবে শত্রুতা, যদি সম্পর্ক বিচ্ছিন্ন না করা হয় তাহলে বুঝা যায় না। তাহলে এমতাবস্থায় শত্রুতা ও ঘৃণা প্রকাশ্যভাবেই করতে হবে।

- শাঈখ ইসহাক্ব বিন আব্দুর রহমান (রহঃ) বলেন, "শুধু অন্তরে কাফিরদের ঘৃণা করলে চলবে না। বরং শত্রুতা ও ঘৃণা প্রকাশ করতে হবে। তিনি সূরা মুমতাহিনার আয়াত উল্লেখ করে বলেন, আপনি বক্তব্যের দিকে দৃষ্টিপাত করুন। যার পর আর কোন বক্তব্যের দরকার হবে না। যেমন আল্লাহ বলেছেন ঃ **"প্রকাশ পেল, শত্রুতা ও ঘৃণা।** এই হচ্ছে দ্বীনের প্রকাশ। অবশ্যই উচিত হচ্ছে কাফিরদের সাথে স্পষ্টভাবে শত্রুতা করা ও তাদের সাথে প্রকাশ্যভাবে কুফরী করা এবং শারীরিক দূরত্ব সৃষ্টি করা (বিয়ে করা, সঙ্গম করা প্রভৃতি)। শত্রুতার অর্থ হচ্ছে শত্রুতার বিপরীত শত্রুতা করা। যেমন, সম্পর্ক ছিন্নের মৌলিকতা হলো, আন্তরিক ও জিহ্বা ও শারীরিক সকল সম্পর্ক ছিন্ন করা। আর মু'মিনের অন্তর কখনো কাফিরের শত্রুতা শূন্য হয় না। প্রকৃত দ্বন্দ্ব কেবল প্রকাশ্য শত্রুতার দ্বারাই হয়। (জিহাদ পর্ব, ১৪১ পৃষ্ঠা)

- আল্লামা শাঈখ আব্দুর রহমান বিন হাসান বিন শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব '*ফাতহুল মাজীদ*' গ্রন্থের লেখক, সূরা মুমতাহিনার আয়াত সম্পর্কে বলেন, "যে ব্যক্তি এ আয়াতগুলো নিয়ে গবেষণা করবে সে ঐ তাওহীদ জানতে পারবে যা দ্বারা আল্লাহর রাসূলগণকে পাঠিয়েছেন ও কিতাবসমূহ অবতীর্ণ করেছেন এবং বিরোধীদের অবস্থা সম্পর্কে জানতে পারবে। যে অবস্থান গ্রহণ করেছিলেন রাসূলগণ ও তাদের প্রকৃত ও ক্ষতিগ্রস্থ অনুসারীগণ। শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব বলেছেন, "নবী (সঃ) কর্তৃক কুরাইশকে তাওহীদের দাওয়াত ও তাদের মূর্তির সমালোচনাকে (যেমন, সেগুলো কোন উপকার বা অপকার করতে অক্ষম) তারা গালি হিসেবে গণ্য করেছিল। যখন আপনি এটা বুঝতে পারবেন তখন বুঝতে পারবেন যে, শুধু আল্লাহর

একত্ববাদ ঘোষণা ও শিরক বর্জন করলেই সঠিক ইসলামপন্থী হওয়া যায় না মুশরিকদের সাথে শত্রুতা পোষণ এবং প্রকাশ্য শত্রুতা ও ঘৃণার ঘোষণা না দেওয়া ব্যতীত। যেমন আল্লাহ তা'আলা বলেছেন, **তুমি কিয়ামাতের দিন এমন মু'মিন সম্প্রদায় পাবে না যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে তারা আল্লাহ ও তাঁর রাসূলের সাথে বিরুদ্ধাচারণকারীদের সাথে বন্ধুত্ব করেছে**। (মুজাদালা ৫৮ঃ ২২)

যখন আপনি এটা ভালভাবে বুঝবেন তখন জানতে পারবেন যে, অনেক লোক নিজেকে ধার্মিক বলে দাবী করে। অথচ দ্বীনের এগুলো সে জানে না। তবে তিনি ব্যতিত যিনি এ শাস্তি, বন্দি ও হাবশাতে হিজরতের মত কঠিন সময়ে মুসলমানদেরকে ধৈর্য ধরার জন্য পরামর্শ দিয়েছেন অথচ তিনি সমগ্র মানুষের মধ্যে সবচেয়ে দয়ার্দ্র ব্যক্তি। তিনি কোন ছাড় পেলে ছাড় দিতেন। তাহলে কি করে তাঁর উপর নাযিল হলো ঃ **মানুষের মধ্যে এমন কতক লোক আছে তারা বলে আমরা আল্লাহর প্রতি ঈমান এনেছি। কিন্তু যখন আল্লাহর জন্য একটু কষ্ট পায় তখন মানুষের সাধারণ কষ্টকে আল্লাহর আযাব বলে গণ্য করে**। (আল-আনকাবুত ২৯ঃ ১০)

যে ব্যক্তি মুখের কথা দ্বারা সামান্য অভিযোগ করেছে তার ব্যাপারেও যদি এরূপ আয়াত অবতীর্ণ হয় তাহলে অন্যান্যদের অবস্থা কি? অর্থাৎ যারা তাদের মত চলে কথা ও কাজে কোন কষ্ট ছাড়াই। তাদেরকে সাহায্য-সহযোগিতা করেছে এবং তাদের হতে কষ্ট দূর করেছে এবং তাদের বিরোধীদের মতকে অগ্রাহ্য করেছে (যা আদ্-দুরার আস-সানিয়্যাহ গ্রন্থে বর্ণনা করা হয়েছে। জিহাদ পর্ব, ৯৩ পৃষ্ঠা)

সুতরাং, আমি তাঁদের (মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাব ও তাঁর নাতি, আব্দুর রহমান বিন হাসান, আল্লাহ তাঁদের সকলের প্রতি দয়া প্রদর্শন করুন) বলতে চাই ঃ 'এটা ঠিক এমন যে আপনারা আমাদের সময়ের ব্যাপারে বলেছেন।'

- শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল লতীফ বলেন, "জেনে রাখুন, আল্লাহ আমাদের তৌফিক দিন তিনি যা পছন্দ করেন ও ভালবাসেন তা করার। কোন বান্দার ইসলাম, আল্লাহর ও তাঁর রাসূলের সাথে শত্রুতাকারীদের সাথে শত্রুতা পোষণ করা ব্যতীত সঠিক হবে না।[১৪] আল্লাহ ও তাঁর রাসূলের ওয়ালীদের সাথে বন্ধুত্ব করার জন্য আল্লাহ বলেন ঃ **হে ঈমানদারগণ! তোমরা তোমাদের পিতৃগণ ও ভ্রাতৃগণকে বন্ধু হিসাবে গ্রহণ কর না যদি তারা ঈমানের পরিবর্তে কুফরীকে ভালবাসে**। (আত-তাওবাহ ৯ঃ ২৩) (আদ-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ অধ্যায়, ২০৮ পৃষ্ঠা)

---

[১৪] যদি এর দ্বারা আসল শত্রুতা উদ্দেশ্য হয় তাহলে কথাটি সাধারণভাবেই প্রযোজ্য। আর যদি উদ্দেশ্য হয় ব্যাপক শত্রুতা তাহলে তা প্রকাশ করা, বিস্তারিত বর্ণনা করা এবং তা ঘোষণা করে দেওয়া। এ সমস্ত কথা বলা হয়েছে ইসলামকে প্রতিষ্ঠিত করার জন্য তার মূলকে বিলুপ্ত করা নয়। শাঈখ আব্দুল লতীফের তাঁর গ্রন্থে এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়েছে। যার ইচ্ছা সেটা দেখে নিতে পারেন। তাতে তার কথা "যে ব্যক্তি শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাবের কথা বুঝল অথচ কাফিরদের সাথে শত্রুতাকে স্পষ্টভাবে ঘোষণা করল না তাহলে তার সে বুঝ বাতিল বলে গণ্য হবে এবং তার মতামত বা চিন্তা চেতনা পথভ্রষ্ট বলে গণ্য করা হবে.... ।"

আর এটিই হচ্ছে সকল রাসূলগণের দ্বীন, এই হচ্ছে তাদের দাওয়াত ও দাওয়াতী পদ্ধতি যা সমগ্র আয়াত ও নবী (সঃ)-এর হাদীস প্রমাণ করে। তেমনিভাবে মুমতাহিনার ৪ নং আয়াত ঃ

...এবং তাঁর সাথে যারা ছিল...

অর্থাৎ ঐ সমস্ত রাসূলগণ যারা তাঁর দ্বীনের ও মিল্লাতের ওপর প্রতিষ্ঠিত ছিলেন। এটা একাধিক মুফাস্‌সির এই আয়াতের ব্যাপারে উল্লেখ করেছেন।

- শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল লতীফ বিন আব্দুর রহমান বলেন, এটিই হচ্ছে দ্বীনের প্রকাশ। দ্বীনের প্রকাশ সেটা নয় যেমনটি মূর্খরা ধারণা করে- যে ব্যক্তি কাফিরদের বর্জন করবে, নিজের ও কাফিরদের মধ্যে ফাঁক তৈরী করবে সালাত পড়বে, কুরআন পড়বে, যথা সম্ভব নফল ইবাদাত করবে সে তার দ্বীনের প্রকাশকারী বলে গণ্য হবে। এটা মারাত্মক ভুল। বরং প্রকৃত দ্বীন প্রকাশকারী সেই যে ব্যক্তি মুশরিকদের সাথে প্রকাশ্য শত্রুতা ও সম্পর্ক ছিন্নের ঘোষণা দেয় এবং তাদের সামনে বলতে কিছুই ছাড়েনা, চাই তাকে হত্যা করুক বা এলাকা হতে বিতাড়িত করুক না কেন। যেমন আল্লাহ কাফিরদের কথা উল্লেখ করে বলেছেনঃ **এবং যারা কাফির তারা তাদের রাসূলগণকে বলেছে আমরা আমাদের ভূখণ্ড হতে তোমাদেরকে বের করে দেব অথবা তোমরা আমাদের মিল্লাতে (দলে) ফিরে আসবে।** (ইব্‌রাহীম ১৪ঃ ১৩)

  শুয়াইব (আঃ)-এর জাতির সংবাদ দিয়ে আল্লাহ বলেন ঃ **হে শুয়াইব! আমরা তোমাকে ও যারা তোমার সাথে ঈমান এনেছে আমাদের গ্রাম থেকে বের করে দেব। অথবা তোমরা আমার ধর্মে (মিল্লাতে) ফিরে আস।** (আল-আরাফ ৭ঃ ৮৮)

  আল্লাহ আসহাবে কাহাফের কথা উল্লেখ করে বলেনঃ **যদি এলাকাবাসী তোমাদের অবস্থান সম্পর্কে জানতে পারে তাহলে তারা তোমাদেরকে পাথর মারবে, অথবা তোমাদেরকে তাদের ধর্মে ফিরিয়ে নেবে। তোমরা কখনো তাদের সাথে বিরোধিতা করে সফল হবে না।** (কাহাফ ১৮ঃ ২০)

  কাফিরদের দ্বীনকে গালি দেওয়া, তাদের জ্ঞানকে অজ্ঞ বলে সম্বোধন করা ও তাদের প্রভুগুলোর ত্রুটি বর্ণনা করা ছাড়াই কি রাসূলগণের সাথে তাদের স্বজাতির শত্রুতা তীব্র আকার ধারণ করেছে? (আদ-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ পর্ব, ২০৭ পৃষ্ঠা)

- শাঈখ সোলায়মান বিন সাহমান মুমতাহিনার আয়াত সম্পর্কে বলেন, এই হচ্ছে মিল্লাতে ইব্‌রাহীম যে সম্পর্কে আল্লাহ তা'আলা বলেছেনঃ **যে ব্যক্তি মিল্লাতে ইব্‌রাহীম হতে মুখ ফিরিয়ে নেবে সে বোকা।** (আল-বাকারাহ্‌ ২ঃ ১৩০)

তাই মুসলিমের কাজ হলো, আল্লাহর শত্রুদের সাথে শত্রুতা করা এবং শত্রুতা তাদের সাথে প্রকাশ করা এবং তাদের সাথে বন্ধুত্ব করা ও লেনদেন আচার ব্যবহার করা থেকে পূর্ণাঙ্গ দূরে থাকা। (জিহাদ পর্ব, ২২১ পৃষ্ঠা)

অন্যত্র আল্লাহ তা'আলা ইব্‌রাহীম (আঃ) সম্পর্কে বলেছেন ঃ

.   .

তোমরা কি ভেবে দেখনা কিসের উপাসনা তোমরা করছ? তোমরা ও তোমাদের পূর্বপুরুষরা আমার শত্রু, একমাত্র রব্বুল 'আলামীন আল্লাহ ছাড়া। (শুয়ারা ২৬ঃ ৭৫-৭৬)

তৃতীয় এক স্থানে আল্লাহ, সুবহানাহু ওয়া তা'আলা, বলেন ঃ

.

যখন ইব্‌রাহীম তাঁর পিতা ও জাতিকে বললেন, তোমরা যে জিনিসের ইবাদত কর আমি তা থেকে মুক্ত। তবে যিনি আমাকে সৃষ্টি করেছেন তিনি আমাকে অচিরেই সঠিক পথ দেখাবেন। (যুখরুফ ৪৩ঃ ২৬-২৭)

- আল্লামা শাঈখ আব্দুর রহমান বিন হাসান বিন শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাব বলেন ঃ আল্লাহ তা'আলা শিরক ও মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা, তাদের সাথে কুফরী করা, শত্রুতা ও ঘৃণা এবং জিহাদ করাকে ফরজ করেছেন। আল্লাহ বলেন ঃ **যারা অন্যায় করেছিল তারা তাদেরকে বলে দেওয়া কথাকে পরিবর্তন করে বলেছিল।** (আল-বাকারাহ্‌ ২ঃ ৫৯)

  তারা কাফিরদের সাথে বন্ধুত্ব, সাহায্য সহযোগিতা করেছে। মু'মিনদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য তাদের সাহায্য চেয়েছে। এজন্য তারা মু'মিনদেরকে ঘৃণা ও গালিগালাজ করেছে। এসব কাজই ইসলাম ভঙ্গের কারণ যা প্রমাণ করে কুরআন ও সুন্নাহ। এতে একটি সংশয় আছে যা প্রবীণ ব্যক্তিগণ করে থাকে, আর তা হলো, তাদের যুক্তি মিল্লাতে ইব্‌রাহীম হচ্ছে দাওয়াতী কাজের স্তরগুলোর মধ্যে সর্বশেষ স্তর। যার পূর্বে হিকমাত পূর্ণ অনেক দাওয়াতী মিশন হয়েছে এবং উত্তম দিক দিয়ে বিতর্কও অনুষ্ঠিত হয়েছে।

  তাই হিকমাত ও নম্রতার সকল পদ্ধতির প্রয়োগ ব্যতিত কোন ব্যক্তির মিল্লাতে ইব্‌রাহীমের আল্লাহর শত্রু ও তাদের মাবুদদের সাথে সম্পর্ক ছিন্ন করণ এবং তাদের সঙ্গে কুফরী করা, শত্রুতা ও ঘৃণার বহিঃপ্রকাশ ঘটানোর শরণাপন্ন হওয়া যাবে না।

- আল্লাহর তাওফীক কামনা করে এর উত্তরে আমরা বলব, মিল্লাতে ইব্‌রাহীম সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকার কারণে এবং সাধারণ কাফিরদের দাওয়াত দেওয়ার পদ্ধতি ও বিরোধিতাকারীদের দাওয়াত দেওয়ার পদ্ধতিদ্বয়কে এক করে ফেলার কারণে ঐ লোকগুলোর মধ্যে এ ধরনের সংশয় জন্ম নিয়েছে। আর এসব কিছুর মাঝেও মুসলমানদের কাফিরদের উপাস্য ও নীতিমালার ও শরীয়ত সম্পর্কিত অবস্থানের পার্থক্য সম্পর্কে জানা না থাকার কারণে এমন হবে যে, মিল্লাতে ইব্‌রাহীমের উদ্দেশ্য হচ্ছে একমাত্র আল্লাহর জন্য ইবাদতকে একনিষ্ঠ ও বিশুদ্ধ করা। আল্লাহ ছাড়া সকল মাবুদকে অস্বীকার করা। এতে দেরী করা বা সময় ক্ষেপণ

করা চলবে না। বরং এ ছাড়া শুরু করা যাবে না। কেননা, এটাই কালেমা 'লা- ইলাহা ইল্লাল্লাহ' এর পূর্ণাঙ্গ রূপ, যা নাবোধক ও হ্যাঁ বোধক স্বীকৃতি চায়। আর এটিই হচ্ছে ইসলামের মূলবিষয় এবং নবী রাসূলগণের দাওয়াতের আসল পদ্ধতি। তাই আপনার সাথে সংশয় নিরসনে দুটি ফায়সালা তুলে ধরা হলো ঃ

- **প্রথমতঃ** আল্লাহদ্রোহী শক্তি ও আল্লাহ ছাড়া সে সকল উপাস্যের ইবাদত করা হয় তাদের সাথে সম্পর্ক ছিন্ন করা। সেগুলোকে অস্বীকার করা। যা করতে দেরী বা সময় ক্ষেপণ করা যাবে না। বরং পথের শুরুতেই তা ঘোষণা করা উচিত।

- **দ্বিতীয়তঃ** মুশরিক সম্প্রদায় হতে সম্পর্ক ছিন্ন করা। যদিও তারা তাদের বংশধর হোক না কেন। যদি তারা তাদের বাতিলের উপর অটল থাকে। যা আপনার জন্য বিস্তারিত নিম্নে বর্ণনা করা হলো ঃ

প্রথম ফায়সালা ঃ সেটি হচ্ছে আল্লাহ ব্যতীত অন্যান্য যে সমস্ত ত্বাগুতের ইবাদত করা হয় সেগুলোর সাথে কুফরী করা। চাই তা গুলগুলী পাথরের মূর্তি হোক অথবা সূর্য, চন্দ্র, কবর, গাছ, মানব রচিত শরীয়াত ও আইন কানুন হোক না কেন। মিল্লাতে ইব্‌রাহীম ও নবী রাসূলগণের দাওয়াত এ সমস্ত উপাস্যের কুফরী করা, তাদের সাথে শত্রুতা ও ঘৃণা পোষণ করতে বলে। এর সম্মানকে বোকামী, মূল্যকে হ্রাস, এর জালিয়াতী এবং দোষত্রুটি প্রথম থেকেই বর্ণনা করা। এরূপই ছিল নবীগণের অবস্থা। যখন তারা তাদের জাতির জন্য দাওয়াতী কাজ আরম্ভ করতেন। এ কথা বলতেনঃ

আল্লাহর ইবাদত কর এবং ত্বগুতকে বর্জন কর। (আন্-নাহাল ১৬ঃ ৩৬)

এ ব্যাপারে ইব্‌রাহীম (আঃ)-এর একনিষ্ঠ হওয়া সম্পর্কে আল্লাহ তা'আলা বলেন ঃ

তোমরা কি ভেবে দেখনা কিসের উপাসনা তোমরা করছ? তোমরা ও তোমাদের পূর্বপুরুষরা আমার শত্রু, একমাত্র রব্বুল 'আলামীন আল্লাহ ছাড়া। (শুয়ারা ২৬ঃ ৭৫-৭৬)

সূরা আল-আন্‌আমে তাঁর বাণী ঃ

হে আমার জাতির লোকজন! শুনে রাখ, তোমরা যার সাথে শিরক কর আমি সেগুলো হতে মুক্ত। (আল-আন্‌আম ৬ঃ ৭৮)

আল্লাহর বাণী ঃ

.

যখন ইব্‌রাহীম তাঁর পিতা ও জাতিকে বললেন, তোমরা যাদের ইবাদত কর তাদের সাথে আমার কোন সম্পর্ক নেই। শুধুমাত্র যিনি আমাকে সৃষ্টি করেছেন তিনি বাদে। তিনি আমাকে অচিরেই সঠিক পথ প্রদর্শন করবেন। (যুখরুফ ৪৩ঃ ২৬-২৭)

তেমনিভাবে ইব্‌রাহীমের (আঃ) সম্প্রদায় সম্পর্কে আল্লাহর বাণী ঃ

তারা বলল এক যুবককে এগুলোর সমালোচনা করতে শুনেছি। যাকে ইব্‌রাহীম বলে ডাকা হয়। (আল-আম্বিয়া ২১ঃ ৬০)

মুফাস্‌সিরগণ **"এগুলোর সমালোচনা করতে শুনেছি"** এর ব্যাখ্যা করেছেন, তিনি সেগুলোর দোষ ত্রুটি বর্ণনা করতেন, ঠাট্টা করতেন এবং সেগুলোর অসারতার কথা বলতেন। কুরআন ও সুন্নাহ এর প্রমাণে পরিপূর্ণ। আমাদের জন্য নবী (সঃ)-এর মাক্কী জীবনের আদর্শই যথেষ্ট। তিনি কিভাবে কুরাইশদের উপাস্যগুলোর অসারতা ও তার থেকে তাঁর সম্পর্কহীনতা প্রকাশ এবং সেগুলোর সাথে কুফরী করার কাজ সমাধা করতেন। এমনকি তারা নবী (সঃ)-কে 'বেদ্বীন' হয়ে গেছে বলেও অভিযুক্ত করত। যদি এ ব্যাপারে আরো মজবুত ও দৃঢ় বিশ্বাস অর্জন করতে চান তাহলে মাক্কী জীবনে অবতীর্ণ আয়াতগুলো পড়ুন।

তখন যে সব আয়াত নবী (সঃ)-এর উপর অবতীর্ণ হতো তা পূর্ব-পশ্চিম ও উত্তর দক্ষিণের মানুষের অন্তরে আলোড়ন সৃষ্টি করত, যা মানুষের মুখে মুখে, বাজারে মজলিসে, এবং তাদের সংসদে সর্বদা আলোচিত হতো। আর এ আয়াতগুলোই আরবদের বোধগম্য নিজস্ব আরবী ভাষায় তাদের সম্বোধন করত। স্পষ্টভাবে তাদের উপাস্যগুলোর অসারতা বর্ণনা করত বিশেষ করে লাত, উজ্জা, মানাতে ছালেস প্রভৃতির। তদানীন্তন যুগের উপাস্যগুলোর মধ্যে সবচেয়ে মর্যাদাকর ও বড় উপাস্য বলে এগুলো বিবেচিত হত। সেগুলোর সাথে সম্পর্কহীনতার ঘোষণা তিনি দিতেন। সেগুলোর সাথে মেলামেশা না করা ও তার প্রতি অসন্তুষ্টির কথা নবী (সঃ) কোন প্রকার গোপন না করে খোলাখুলি বলে দিতেন। কেননা তিনি একজন ভয় প্রদর্শককারী ব্যতিত আর কিছুই নন। যারা বর্তমানে দাওয়াতী কাজে ভূমিকা রাখেন তাদের এ ব্যাপারগুলো ভালভাবে বোঝা প্রয়োজন। নিজেদেরকে এর সাথে হিসাব মিলাতে হবে। কেননা দাওয়াতের দ্বারা আল্লাহর দ্বীনের সাহায্য করার চেষ্টা চালানো হয়। তাই সেটা যেন এমন পদ্ধতিতে না হয় যাতে নবী রাসূলগণের পদ্ধতির সাথে মিল খুঁজে পাওয়া যায় না।

আর আমরা বর্তমান যে সময়ে বাস করছি তা সংবিধান ও আইন কানুনে শিরক সম্প্রসারণের যুগ যা আমাদের সামনেই ঘটতেছে। অতএব এ দাওয়াতী কাজের কর্তব্য হলো মিল্লাতে ইব্‌রাহীমের অনুসরণ করে তাঁর নবীর প্রতি সমবেদনা জানানো। এ ধরনের সংবিধানের ও আহ্বানের দোষত্রুটি মানুষের নিকট তুলে ধরা এবং অস্বীকার করা এবং তার সাথে শত্রুতা প্রকাশ করা ও ঘোষণা করা এবং মানুষকে এদিকে আহ্বান করা ও এ সমস্ত হুকুমাতের মুখোস বর্ণনা করা ও তা মানুষের সামনে হাসির পাত্র হিসাবে চিহ্নিত করা।

এ কাজ ছাড়া আর কিভাবে সত্য প্রকাশ পাবে ? আর মানুষেরাই বা কিভাবে তাদের দ্বীনকে সঠিকভাবে জানবে আর বাতিল থেকে হাক্ব ও শত্রু থেকে বন্ধুকে চিহ্নিত করবে যেখানে দাওয়াত সংস্করণ ও ফিতনার দ্বারা প্রভাবশালীরা সঠিক দাওয়াতী কাজের গতিতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে।

অর্থাৎ বড় ফিতনা হচ্ছে তাওহীদকে গোপন করা এবং জনগণের মধ্যে দ্বীনের ব্যাপারে সন্দেহ ঢুকিয়ে দেওয়া। মিল্লাতে ইব্‌রাহীম প্রতিষ্ঠা, আল্লাহর দ্বীনের সাথে সুসম্পর্ক প্রকাশ এবং আল্লাহ ছাড়া উপাসনা করা হয় এমন ত্বগুতের সাথে শত্রুতাপোষণ করার চেয়ে কোন সংস্কার বড় হতে পারে? এ জন্য যদি মুসলমানেরা পরিক্ষিত না হয়, আর এ জন্য যদি কুরবানী না দেয় তাহলে আর কিসের দ্বারা তাদের পরীক্ষা হতে পারে ? ইসলামের অংশ হিসেবে শাহাদাতের প্রচার ও প্রসারে প্রত্যেক ত্বগুতের সাথে কুফরী করা প্রতিটি মুসলমানের উপর ওয়াজিব। তা ঘোষণা করা, শুরু করা, প্রকাশ করাও বড় ওয়াজিব। অবশ্যই তা মুসলমানদের দাওয়াতে বহুল প্রসার লাভ করবে। অথবা কমপক্ষে প্রত্যেক দলের একটি ক্ষুদ্রদল তা প্রচার ও প্রসার করবে।

যাতে করে তাদের দাওয়াত প্রসিদ্ধ ও প্রসারিত হয়ে যায় এবং তা তাদের এমন বৈশিষ্ট্য হয় যা দ্বারা তাদেরকে আলাদাভাবে উপস্থাপন করা যায়। যেমনটি ছিল নবী রাসূলগণের অবস্থা। এ কাজ নিজের অবস্থা দুর্বল থাকলেও করতে হবে। যেমন তারা তাঁর দিকে আঙুল তুলে কথা বলত এবং তাদের উপাস্যের সমালোচনা করার জন্য হুমকিও দিত তবুও ইব্‌রাহীম (আঃ) বিরত থাকেননি। আমরা অবাক হয়ে যাই এটা আবার কোন দাওয়াত যা সংস্কারের জন্য এ দা'য়ীগণ কান্নাকাটি করে। তারা কোন দ্বীনকে প্রতিষ্ঠা ও প্রকাশ করতে চায়? তাদের অধিকাংশই তৈরী করা আইনের প্রশংসায় নিবেদিত প্রাণ। এটা কতই না মুসিবতের কথা- আবার তাদের কেউ কেউ এর সুনামও করে এবং এর পবিত্রতার সাক্ষী দেন। অনেকেই এর পবিত্রতার উপর শপথ করে তার বুনিয়াদী ও সীমারেখা মেনে চলে। যা সমাধানের ও পথের বিপরীত। তারা শত্রুতা ও কুফরী প্রকাশের পরিবর্তে তার প্রতি সন্তুষ্টি প্রকাশ ও ভাল সম্পর্ক রাখে। এরাই কি তাওহীদ প্রচার করবে? দ্বীন প্রতিষ্ঠা করবে? এ কাজ শুরু করা ও প্রকাশ করার বিচারককে অস্বীকার অথবা তার বিচারের উপর অটল থাকা যে বিচার আল্লাহর শরীয়ত পরিপন্থী এর সাথে কোন সম্পর্ক নেই। কেননা এটা সংবিধানের সাথে সম্পর্কিত অথবা শরীয়ত বা নিয়ম কানুনের সাথে যা জনগণের মাঝে মর্যাদার সাথে সমাদৃত।

দ্বিতীয় সমাধান ঃ মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা। তাদেরকে অস্বীকার করা। তাদের সাথে প্রকাশ্য শত্রুতা ও ঘৃণা পোষণ করা অন্তর থেকে।

- আল্লামা ইবনুল কাইয়্যিম (রহঃ) *"ইগাসাতুল লিহফান"* গ্রন্থে বলেন, "এই বড় শিরক হতে মুক্তি পাবে না একমাত্র আল্লাহর জন্য তাওহীদকে আলাদা করা, মুশরিকদের সাথে আল্লাহর জন্য শত্রুতা, আল্লাহর কাছে তাদের ঘৃণ্য অবস্থা সৃষ্টি করা ব্যতীত।" এ ধরনের সমাধান শাঈখুল ইসলাম ইমাম ইবন তাইমিয়্যাও দিয়েছেন বলা হয়ে থাকে। অর্থাৎ মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা অধিক গুরুত্বপূর্ণ প্রথমটি হতে (অর্থাৎ তাদের মাবুদের সহিত সম্পর্ক ছিন্ন করা হতে)।

- হামদ বিন আতীক (রহঃ) *"সাবিল আল-নিযাত ওয়াল ফিকাক"* গ্রন্থে **"আল্লাহ ছাড়া তোমরা যা কিছুর ইবাদত কর সেগুলোর সাথে আমাদের কোন সম্পর্ক নেই।"** (মুমতাহিনা আয়াত ৪৩) আল্লাহর এ বাণীর প্রেক্ষিতে বলেন, এখানে একটি চমৎকার বিষয় আছে, সেটি হলো, আল্লাহ তা'আলা গাইরুল্লাহর উপাসনাকারী মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করার কথা আগে নিয়ে এসেছেন। আল্লাহ ছাড়া যেসব মূর্তির ইবাদত করা হয় তার সাথে সম্পর্ক ছিন্ন করার পূর্বে। কারণ প্রথমটিই দ্বিতীয়টির চাইতে গুরুত্বপূর্ণ। কেননা যদি মূর্তির সাথে সম্পর্ক ছিন্ন করে আর এর উপাসকের সাথে যদি সম্পর্ক রাখে তাহলে তো তার উপর অর্পিত ওয়াজিব সে পালন করতে পারবে না। আর যদি মুশরিকদের সাথেই সম্পর্ক না থাকে তাহলে আপনা আপনিই তাদের মূর্তির সাথে সম্পর্ক ছিন্ন হয়ে যাবে। আল্লাহর কথাও এরূপ ঃ **আমি তোমাদের ও আল্লাহ ছাড়া যাদের ইবাদত কর তাদের থেকে আলাদা হয়ে যাব।**[১৫] এখানে তাদের মূর্তির সাথে সম্পর্ক ছিন্নের পূর্বেই তাদের সাথে সম্পর্ক ছিন্নের কথা বলা হয়েছে। তেমনি আল্লাহ আরো বলেন ঃ **যখন ইব্রাহীম তাদেরকেও আল্লাহ ছাড়া তারা যাদের ইবাদত করত সেগুলো হতে আলাদা হয়ে গেলেন।**[১৬] আল্লাহর আরও একটি বাণী ঃ **এবং যখন তারা তাদের এবং আল্লাহ ছাড়া যার ইবাদত করত তা থেকে আলাদা হয়ে গেলেন।** (কাহাফ ১৮ঃ ১৬)

হে পাঠক! আপনার উচিত এ বিষয়গুলোর প্রতি দৃষ্টিপাত করা। তাহলে এ আয়াতগুলোই আপনার জন্য আল্লাহর শত্রুদের সাথে শত্রুতা করার পথ খুলে দেবে। অনেক মানুষই আছেন নিজে শিরক করেন না। কিন্তু মুশরিকদের সাথে শত্রুতাও করেন না। এভাবে মুসলিম হওয়া যাবে না; যদি সমগ্র রাসূলগণের দ্বীনের অনুসরণীয় পদ্ধতি পরিহার করেন?[১৭]

---

[১৫] মারইয়াম ১৯ঃ ৪৮

[১৬] মারইয়াম ১৯ঃ ৪৯

[১৭] এ বক্তব্য দ্বারা শাইখের উদ্দেশ্য (আল্লাহই অধিক জ্ঞাত) সার্বিকভাবে তাদের সাথে শত্রুতা ও ঘৃণা রাখা, প্রয়োজনে অন্তর দিয়ে। বরং যদি অন্তরে তাদের জন্য আন্তরিকতা, ভালবাসা থাকে তবে কোন সন্দেহ নেই যে, তার ঈমানে ঘাটতি হয়েছে এবং রাসূলের সমগ্র নীতি পরিহার করেছে। আল্লাহ তা'আলা বলেন ঃ **"তুমি এমন কোন দল পাবে না যারা আল্লাহ ও পরকালে বিশ্বাস করে (অথচ) তারা আল্লাহ ও তার রাসূরের বিরোধীদের সাথে মুহব্বত করে।"**

- শাঈখ আব্দুল লতীফ বিন আব্দুর রহমান তার *'আদ-দুরার আস-সানিয়্যাহ'* গ্রন্থে বলেন, "যে ব্যক্তি শিরক থেকে বেঁচে থাকে ও তাওহীদকে ভালবাসে। কিন্তু মুশরিকদের সাথে সম্পর্ক বজায় রাখে ও তাওহীদপন্থীদের সাথে বন্ধুত্ব ও সাহায্য বর্জন করে, সে তার এ তাওহীদকে দুষিত করে ফেলে। সে প্রবৃত্তির অনুসারী হয়ে যায় শিরকের এমন ঘাঁটিতে যা তার নির্মিত দ্বীনকে ধ্বংস করে দেয়। তাওহীদের মৌলিক বিষয় ও শাখা সমূহ পরিত্যাগ করে। এর সাথে যে ঈমানে সন্তুষ্ট প্রকাশ করা যায় তা বাকি থাকে না। সে আল্লাহর জন্য ভালবাসে না। ঘৃণাও করে না এমনকি তার জন্য শত্রুতা ও বন্ধুত্ব গড়ে তুলে না অথচ তিনি তাকে সৃষ্টি ও বড় করেছেন। আর এগুলো সবই গ্রহণ করা হয় শাহাদাত 'লা ইলাহা ইল্লাল্লাহ' থেকেই। (জিহাদ পর্ব, ৬৮১ পৃষ্ঠা)

- ঐ একই গ্রন্থে তিনি আরও বলেনঃ আল্লাহর নৈকট্য লাভে উত্তম পদ্ধতি হলো তার শত্রু মুশরিকদের সাথে শত্রুতা পোষণ, ঘৃণা ও সংগ্রাম করা। এ কাজের দ্বারা বান্দা মু'মিন ব্যতিত অন্যের বন্ধুত্ব থেকে বেরিয়ে আসতে পারে। যদি এ কাজ না করে তাহলে সে পূর্বে বর্ণিত রাসূলগণের নীতি পরিত্যাগকারী রূপে গণ্য হবে। তাই ইসলামকে বিনষ্টকারী ও তার মূল উৎপাটনকারী কাজ থেকে সাবধান! সাবধান! (৮৪২ পৃষ্ঠা)

- সুলাইমান বিন সাহমান বলেন, "যে ব্যক্তি মুশরিকদের সাথে শত্রুতা, বন্ধুত্ব পরিহার, ঘৃণা করল না এবং তাদের থেকে দূরে থাকল না, তাহলে সে ব্যক্তি নবী আহমাদের অনুসৃত পথে থাকবে না। এমনকি সঠিক পথেও সে থাকবে না।"

- এবং শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাবের (রহঃ) কথা, অবশ্যই মুসলিমের কর্তব্য হলো মুশরিকদের সাথে তাদের সম্পর্কের কথা খোলাখুলি বলে দেওয়া। কেননা সেও এ মু'মিন সম্প্রদায়ের একজন সদস্য। এতে করে দলটির অবস্থান মজবুত হবে আবার সেও শক্তিশালী হবে। আর ত্বগুতী শক্তি ভয় পাবে। যারা শত্রুতার চরম সীমায় পৌঁছেছে এমনকি তাদের নিকট যেন স্পষ্ট হয়ে যায় যে এই গোত্রটি আমাদের বিরুদ্ধে যুদ্ধকারী গোত্রের অন্তর্ভুক্ত।

- মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্‌হাবের দুই পুত্র শাঈখ হুসাইন ও শাঈখ আব্দুল্লাহকে ঐ ব্যক্তি সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল, যে এ দ্বীনে দীক্ষিত হলো, এ দ্বীন ও তাঁর অনুসারীদের ভালবাসল, কিন্তু মুশরিকদের সাথে শত্রুতা পোষণ করল না অথবা শত্রুতা পোষণ করল কিন্তু তাদেরকে অস্বীকার করল না তার হুকুম কি? তারা উভয়ে যা উত্তর দিয়েছিলেন তা হলো, যে বলবে আমি মুশরিকদের সাথে শত্রুতা পোষণ করি না। অথবা শত্রুতা করি কিন্তু তাদেরকে অস্বীকার করি না? সে মুসলিম নয়? সে ঐ দলের অন্তর্ভুক্ত যার সম্পর্কে আল্লাহ বলেন ঃ **...তারা বলে, আমরা কতকগুলো বিষয়ে ঈমান রাখি ও কতকগুলো অস্বীকার করি এবং তারা এর মাঝামাঝি পথ অনুসরণ করতে চায়। তারা প্রকৃত কাফের। আর আমি কাফেরদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি প্রস্তুত করে রেখেছি।** (আন্-নিসা ৪ঃ ১৫০-১৫১)

- সুলাইমান বিন সাহ্‌মান (কবিতার ছলে) বলেন ঃ

"যারা মুহাম্মাদের (সঃ) দ্বীনের শত্রুতা করে, তাদের সাথে শত্রুতা কর ।
আর যারা (এই দ্বীনকে) ভালবাসে তাদের সাথে মৈত্রী স্থাপন কর, প্রত্যেক হেদায়াত প্রাপ্ত ব্যক্তি সাথে ।
যে মু'মিন তাকে আল্লাহর ভালবাসার জন্য ভালবাসো ।
আর অবাধ্যদের প্রতি আল্লাহর ঘৃণা থাকার কারণে তাদের ঘৃণা কর ।
প্রকৃত দ্বীন হচ্ছে ভালবাসা ও ঘৃণা, বন্ধুত্ব করা,
আর অনুরূপভাবে, সম্পর্ক ছিন্ন করা প্রত্যেক পথভ্রষ্ঠ ও সীমালংঘনকারীর সাথে ।"

স্বভাবগতভাবে আমরা যেন না বলি, নিশ্চয় এই সম্পর্কহীনতা ও শত্রুতা প্রকাশের সাথে তাদের মন আকৃষ্ট করাও শামিল আছে । অথবা তারা গ্রহণযোগ্যতা প্রকাশ করে কিন্তু আল্লাহর দ্বীনের জন্য শত্রুতা প্রকাশ করে না । প্রত্যেক মুশরিকের অন্তরে যদি এ ধরনের বিশ্বাস থাকা ওয়াজিব হতো তাহলে তারা শিরক হতে পবিত্র হতো । কিন্তু প্রকাশ করা, ঘোষণা দেওয়া, পরিত্যাগ করা, শুরু করা এগুলি তখনই শুরু করতে হবে । এমনকি প্রথমে স্বৈরাচার ও অত্যাচারীদেরকে উত্তম কথা ও হিকমতের সহিত আল্লাহর অনুগত্যের দাওয়াত দিতে হবে ।

যদি তা গ্রহণ করে তাহলে তারা আমাদের দ্বীনি ভাই বলে গণ্য হবেন । তাদের আনুগত্যানুযায়ী তাদেরকে আমরা ভালবাসব । তাদের যে অধিকার থাকবে আমাদের তা থাকবে । তাদের উপর আমাদের সে অধিকার থাকবে তাদেরও আমাদের উপর সে অধিকার থাকবে । স্পষ্টভাবে দলিল প্রমাণ দেওয়া সত্ত্বেও যদি মানতে অস্বীকার করে এবং অহংকার করে এবং তারা যে বাতিল ও শিরকের উপর ছিল তার উপর অটল থাকে এবং আল্লাহর দ্বীনের বিরোধিতায় সক্রিয় হয় তাহলে তাদের সাথে আর সৌহার্দ মূলক আচরণ ও নরম ভাষায় কথা বলা চলবে না । তখন তাদের সাথে প্রকাশ্যে সম্পর্ক ছিন্নের ঘোষণা দেওয়া ওয়াজিব হয়ে যাবে ।

আর উচিৎ হবে কাফের মুশরিকদের হিদায়াত দ্বীনের সাহায্যকারী সংগ্রহ, দাওয়াতী কাজে নম্রতা ও হিকমাত প্রয়োগ ও উত্তম বাণী ব্যবহার করার সাথে আল্লাহর দ্বীনের জন্য ভালবাসা, ঘৃণা করা, বন্ধুত্ব ও শত্রুতা মধ্যে পার্থক্য সৃষ্টি করা । কেননা অনেকে দুটি অবস্থাকে এক করে ফেলেন । যার কারণে কুরআন হাদীসের অনেক ভাষাই তাদের জন্য বোঝা মুশকিল হয়ে পড়ে । যেমনঃ "হে আল্লাহ! আমার জাতিকে সঠিক পথ দেখাও । কেননা তারা বুঝে না ।" এ ধরনের অনেক আয়াত ও হাদীস আছে ।

ইব্‌রাহীম (আঃ) তাঁর অতি নিকট আত্মীয় স্বজনের সাথেও সম্পর্ক ছিন্ন করেছেন তখন যখন তাঁর কাছে স্পষ্ট হয়ে গেছে তারা শিরক ও কুফরীর উপর অটল থাকবে । তাঁর সম্পর্কে আল্লাহ তা'আলা বলেনঃ

যখন তাঁর কাছে স্পষ্ট হয়ে গেল সে (তাঁর পিতা) আল্লাহর দুশমন, ইব্‌রাহীম তার থেকে আলাদা হয়ে গেলেন ।" (আত-তাওবাহ ৯ঃ ১১৪)

এ কাজ করেছেন হিকমাত ও উত্তম উপদেশ দ্বারা তাকে দাওয়াত দেওয়া এবং পুনঃ পুনঃ দেওয়ার পরও যখন গ্রহণ না করেছিল তখন। যেমন তাঁর পিতাকে সম্মোধন করে বলেছেন ঃ

হে আমার পিতা আমার কাছে জ্ঞান (নবুওয়াত) এসেছে। তাই আমার অনুসরণ করুন ...
(মারইয়াম ১৯ঃ ৪৩)

হে আমার আব্বা! আমি ভয় করছি দয়াময়ের শাস্তি আপনাকে স্পর্শ করবে ...
(মারইয়াম ১৯ঃ ৪৫)

এভাবে মুসা (আ) ফেরাউনকে দাওয়াত দিয়েছেন আল্লাহ তাকে তার কাছে রাসূল হিসাবে পাঠানোর পর। আল্লাহ বলেছেনঃ

তোমরা উভয়ে ফিরাউনের সাথে নম্র ভাষায় কথা বল। হয়তো আল্লাহকে স্বরণ করবে অথবা ভয় করবে। (ত্বা হা ২০ঃ ৮৪)

আল্লাহর আদেশ পালন করার জন্য মূসা (আ) তার সাথে নম্র ভাষায় কথা বলা আরম্ভ করলেন। তিনি বললেনঃ

.

আপনার কি পবিত্র হওয়ার ইচ্ছা আছে? তাহলে আমি আপনাকে আপনার রবের পথ দেখাব। অতএব আপনি তাকে ভয় করুন। (নাজি'আত ৭৯ঃ ১৮-১৯)

অতঃপর তাকে অনেক নিদর্শন ও প্রমাণ দেখালেন। যখন মূসার (আঃ) এর নিকট ফিরআউনের মিথ্যা, শত্রুতা, বিরোধিতা ও বাতিলের উপর অটল থাকার কথা প্রকাশ পেল। তখন মূসা (আঃ) বললেনঃ

আপনি বুঝতে পেরেছেন যে, এগুলো কেবলমাত্র ভুমণ্ডল ও নভোমণ্ডলের রবই অবতীর্ণ করেছেন তবুও মানলেন না। তবে আমি মনে করি হে ফিরআউন আপনি একজন ধ্বংসশীল লোক। (বানী ইসরাঈল ১৭ঃ ১০২)

বরং তাদের উপর এ বলে বদদু'আ করলেন ঃ

হে আল্লাহ! তুমি ফিরআউন ও তার সম্প্রদায়কে পার্থিক জীবনে ধন ও সৌন্দর্য্য দান করেছো। হে রব! তারা যেন তোমার পথ থেকে পথভ্রষ্ঠ হয়। আল্লাহ তাদের সম্পদ ধ্বংস করে দাও। তাদের অন্তর শক্ত করে দাও। যাতে ঈমান আনতে না পারে। কঠিন শাস্তি না দেখা পর্যন্ত। (ইউনূস ১০ঃ ৮৮)

যারা নম্রতা, সহজতা মুতলাক আয়াতগুলো দ্বারা গুণগুণ করে এদিক সেদিক কিছু বলতে চান ও তার অপব্যাখ্যা করতে চান এবং তা অপপ্রয়োগ করতে চান তাদের উচিৎ এই লম্বা বিবরণটিতে থেমে যাওয়া ও চিন্তা ভাবনা করা এবং একে ভাল করে বোঝা যদি তারা সত্যনিষ্ট হন।

এরপর তারা যেন ভালভাবে জেনে নেয়, নম্রতা ও ভদ্রতার সকল পথ। যেমন চিঠিপত্র, বইপুস্তক, সরাসরি ও দাওয়াতী কাজের যত পথ আছে তা প্রয়োগ করার পরও যদি দা'য়ীর নিকট প্রকাশ পায় যে, সে বিধান মানবে আল্লাহ যা অবতীর্ণ করেছেন তা ব্যতিত অন্যগুলোকে তাহলে সে কুফরী করল এবং যদি জানে আল্লাহর শরীয়ত ছাড়া বিধান মানা বৈধ নয় তবুও সে তা মানে এবং অহংকার করে। যদিও বাস্তবে অনেক ক্ষেত্রেই তার সঙ্গতি হয়েছে দরিদ্রদের শোষণ করে বিভিন্ন মিথ্যা প্রতিশ্রুতি ও মধুর কথা ও ভুয়া জাল দলীল প্রমাণ পেশ করে হয়। তাদের জিহ্বা দ্বারা শুধু মিথ্যাই বের হয়। এগুলোতে সম্মতি ও নীরবতা দেশে কুফর ও ফাসাদ বৃদ্ধিতে এবং দেশের জনগণকে দিন দিন দাসে পরিণত করতে ভূমিকা পালন করে এবং এ সংবিধান মু'মিন ও দা'য়ীদের উপর কঠোরতা আরোপ করে। সংস্কারকদের পথকে সংকীর্ণ করে তাদের পিছনে পুলিশ ও গোয়েন্দা দ্বারা গুপ্তচরবৃত্তির মাধ্যমে। আল্লাহর দ্বীনের বিরোধীদের মধ্যে এর বিস্তৃতি ঘটানো। ফাসাদের মাধ্যমকে সহজলভ্য করা, আল্লাহর শত্রুদের জন্য ফাসাদ সৃষ্টি করা, তাদের ফাসাদ ও নাস্তিকতা করার সুযোগ দেওয়ার তথা প্রযুক্তির ব্যবস্থা করাও সরকারগুলোর কাজ। আর আইন প্রণয়ন, যেই শিরকী আইন কানুন মানুষের কেবল দুর্ভোগ বাড়ায় অথবা কুফরী ও সম্পর্ক ছিন্নের ঘোষণা করা অথবা তার ত্রুটি বর্ণনা করা অথবা মানুষের জন্য বাতিল কিছু উত্থাপন করা।

আর বিচারকগণ মানুষের রক্ত, সম্পদ ও অন্যান্য ক্ষেত্রে সেই মানব রচিত আইন দিয়েই বিচার করে। যা স্পষ্ট কুফরীতে ভরপুর। তাহলে এ ধরনের লোকদের সাথে নরম ভাষায় কথা বলা, ভাল ব্যবহার করা, অথবা সুন্দর নামে ভূষিত করা, বিভিন্ন অনুষ্ঠানে দাওয়াত দেওয়া, তাদের ও তাদের হুকুমাতের প্রতি সমর্থন দেওয়া ঠিক নয়। বরং ইব্‌রাহীম (আঃ) ও তাঁর সাথীরা যা বলেছিলেন তাদের জাতিকে সে কথা বলা ছাড়া আর কিছু বলা যাবে না। তোমাদের, তোমাদের সংবিধান, শিরকী আইন ও কুফরী হুকুমাতের সাথে আমাদের কোন সম্পর্ক নেই। আমরা তোমাদের সাথে কুফরী করলাম। চিরদিনের জন্য আমাদের ও তোমাদের মাঝে শত্রুতা ও ঘৃণা শুরু হলো।

যতক্ষণ না তোমরা আল্লাহর দিকে ফিরে আসো, আত্মসমর্পণ করে ইসলাম গ্রহণ কর এবং একমাত্র আল্লাহর শরীয়াতের অনুসরণ কর। এরই শামীল হলো তাদের উপাস্য থেকে বেঁচে থাকা, বেঁচে থাকা তাদের আনুগত্যে প্রবেশ ও তাদের প্রতি সন্তুষ্টি প্রকাশ, তাদের বাহনে চলা ও চাকুরীর ক্ষেত্রে তাদের আধিক্যতা হতে, যা তাদের বাতিলকে চিহ্নিত করে অথবা তাদের হুকুমত প্রতিষ্ঠা করবে অথবা তাদের বাতিল আইন প্রয়োগ করবে। যেমন সৈন্য, পুলিশ ও গবেষণা ও অন্যান্য ক্ষেত্রে।

সমসাময়িক নেতাদের সাথে (যারা কোন অবস্থায় এ ত্বগুতের নৈকট্য পরিত্যাগ করে সঠিক পথে আসেনি) সালাফগণের অবস্থান ছিল প্রত্যয়ী, স্পষ্ট ও পরিষ্কার কিন্তু আমাদের সময়ের অনেক দা'য়ীর জায়গায় সে অবস্থান কোথায় ? এদের প্রসিদ্ধি এবং তাদের জন্য তাদের অনুসারীদের করতালী সত্ত্বেও ঐ সমস্ত সালাফগণতো পলিটিক্যাল সাইন্স (রাজনৈতিক বিজ্ঞানে) ডিগ্রী নেননি। তারা শত্রুদের ষড়যন্ত্রে ভরপুর দৈনিক পত্রিকা ও ম্যাগাজিনও পড়তেন না, এ সত্ত্বেও তারা বাদশাহদের ও তাদের দরবার হতে দূরে থাকতেন। বাদশাহরাই তাদের ডেকে পাঠাতেন এবং ধন-সম্পদ ও অন্যান্য জিনিস দিয়ে হাদিয়া দিতেন। আর আজকাল যারা তাদের নিকট ধর্ণা দেয়, তাদের দ্বীন নিয়ে শয়তান খেলে। তারা তাদের দীনকে নষ্ট করে দুনিয়াবী সমৃদ্ধি কামনা করে।

তারা বাদশাহদের কাছে তাদের দ্বারে আসে আর বাদশাহ তাদের অপমান করে এবং মুখ ফিরিয়ে নেয়। সালাফীগণ আমীরদের অন্যায়ে ঢুকতে নিষেধ করেছেন। এমন হতে পারে, যে তাদের সৎ কাজে আদেশ ও অন্যায় কাজে নিষেধ করতে যাবে সেই তাদের দ্বারা ক্ষতিগ্রস্থ হওয়ার ভয়ে তাদের সাথে নরম নরম কথা বলবে, তাদের সম্মান করার জন্য ভাল ব্যবহার করতে শুরু করবে। অথবা তাদের কতক বাতিল জিনিসের ব্যাপারে নিরবতা পালন করবে এবং তাকে মেনে নিবে। সালাফগণ মনে করেন, তাদের থেকে দূরে থাকা ও সম্পর্ক না রাখা এবং তাদের অবস্থাকে অপছন্দ করাই ভাল। সুফিয়ান সাওরীর কথা শুনে রাখুন যা তিনি উবাদ বিন উবাদকে লিখেছেন, তিনি তার চিঠিতে বলেন, "আমীর উমরাদের নিকট যাওয়া থেকে বেঁচে থাক অথবা কোন ব্যাপারে তাদের সাথে মেলা মেশা করা থেকে। তোমাকে বলা হবে সুপারিশ কর অথবা অত্যাচারীর প্রতিশোধ নিয়ে দাও। অথবা অন্যায়কে প্রতিহত কর। এগুলো করা থেকেও বেঁচে থাক। কেননা এগুলো ইবলিসের ধোঁকা। তিনি তা মেনে চলেছেন। তাই সম্মানিত পাঠক তিনি নিরাপত্তা পেয়েছেন।" (সিয়ারে আলামে নুবালা- ১৩/৫৮৬) (*জামে বায়ানুল ইল্‌মি ওয়া ফায্‌লিহি* পৃষ্ঠা- ১/১৭৯)

সুফিয়ান (রহঃ) এর দিকে দেখুন, আজকের দা'য়ীরা দাওয়াত সংস্কারের যে নামকরণ করেছে তার সম্পর্কে বলেন, "ইব্‌লিসের ধোঁকা"। এগুলো যে করে তাকে কিছু বলেননি। যা বর্তমান যুগের অনেক দা'য়ীই করে থাকেন। যারা তাদের জীবনকে শেষ করে দিচ্ছে দাওয়াতকে সংস্কার করার দাবীতে এবং দ্বীনের শত্রু ও বিরোধীদের নিকট দ্বীনের জন্য সাহায্য চেয়ে- না ভাই এ কাজ করবে না। তোমার প্রাপ্য নির্ধারিত হয়েছে। তাদের নিকট ঘোরা ফেরা করার ক্ষেত্রে কারণ হলো, হয়তো কোন পদ বা গদি পাবে। তাদের মন্ত্রিসভায় ও জাতীয় সংসদে পদ পাবে বলে। হয়তো অত্যাচার কম হবে অথবা তোমার ভাইয়েরা উপকৃত হবে। আর বদ-পাপী, বদকার ও ভণ্ড লোকদের নিয়োগ দেওয়ার জন্য ছেড়ে দিবে না ইত্যাদি, ইত্যাদি। তার ঐগুণ বর্ণনা করার কারণ হলো দুনিয়াতে পাপিষ্ট পাঠক হতে বাঁচা। এ অবস্থা যদি তার সময়ে হয় তাহলে আমাদের সময় কি অবস্থা হতে পারে। আল্লাহর কাছে এ থেকে মুক্তি কামনা করি। আর বর্তমান যুগের মানুষের অনিষ্ঠ হতে আশ্রয় চাই এবং তাদের ইবলীসি কর্মকাণ্ড থেকেও আশ্রয় চাচ্ছি।

আল্লাহ তাকে দয়া করুন, যিনি বলেছেন,

"তুমি এমন একদল লোককে দেখতে পাবে যারা,
প্রত্যেক কুফরী মতবাদ ও খারাপ কাজ করে এমন মজলিসের অনুগত ।
বরং তাতে কুরআনের আইনের পরিবর্তে খ্রিস্টীয় আইন দিয়ে বিচার কার্য সমাধা করে ।
তোমাদের মত চাটুকার লোকদের অমঙ্গল থেকেও ধ্বংস হয়,
যারা তর্ক-বির্তক প্রিয় ও সুলতানদের ঘুষ গ্রহণ করেছে ।"

- সুফিয়ান আস-সাওরী হতে বর্ণিত এই কথাটি শাঈখুল ইসলাম মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহ্হাব বার বার পড়তেন । যে ব্যক্তি বিদ'আতীর সাথে উঠা-বসা করবে সে তিনটির যে কোন একটি থেকে নিরাপদ থাকবে না । তা হলো ঃ

১ - বিদ'আতীর সাথে উঠাবসার কারণে সেও বিদ'আতের ফিতনায় পড়বে । হাদীসে বর্ণিত হয়েছে,

"*যে ব্যক্তি ইসলামে একটি সুন্দর নীতির প্রবর্তন করল সে তার নেকী এবং যারা তা আমল করবে তাদের সমপরিমাণ নেকী পাবে ও আমলকারীদের নেকী হ্রাস না করে । আর যে ব্যক্তি ইসলামে একটি অসৎ কাজ প্রবর্তন করল সে তার গুনাহ ও যারা সে পাপ কাজ করবে তাদের গুনাহেরও ভাগী হবে, তবে তাদের গুনাহ কোন কমবেশী করা হবে না ।*" (মুসলিম)

২ - তাদের প্রতি তার অন্তরে কিছুটা হলেও সহমর্মিতা হবে । এর দ্বারাই তার পতন হবে । এ কারণে আল্লাহ তাকে জাহান্নামে দিবেন ।

৩ - অথবা বলবে, 'আল্লাহর কসম, তারা যা বলে আমি তাকে পরোয়া করি না, আমি আমার নিজের অবস্থানে সবল আছি । যে নিজের দ্বীনের ব্যাপারে আল্লাহকে গ্যারান্টি দেয় তা আল্লাহ চোখের পলকের নিমিষে ছিনিয়ে নিতে পারেন ।'

বিদ'আতীদের সাথে উঠাবসা করার কারণেই যদি এ ধরনের উক্তি তারা করে থাকে যদিও তাদের বিদ'আতগুলো কুফরী পর্যায় ছিল না বলে বিভিন্ন জায়গায় প্রমাণ পাওয়া যায় । তাহলে মুরতাদ, মানব রচিত আইন মান্যকারী ও মুশরিকদের সাথে উঠাবসার পরিণাম কি হতে পারে? সুফিয়ান সাওরীর তৃতীয় কথাটি চিন্তা করে দেখুন ঃ "আমি আমার নিজের অবস্থানে সবল আছি । দ্বীনিয়াতে কোন সমস্যা হবে না ।" এই অতিরিক্ত আত্মবিশ্বাসের কারণে, বর্তমান যুগের অনেক দা'য়ী এ ধরনের কথা ও কাজে পতিত হয়েছে । সুতরাং, সাবধান হও! এবং (আবারও) সাবধান হও! আল্লাহ এ অবস্থা থেকে রক্ষা করুন ।

প্রত্যেক অবস্থায় আল্লাহ তা'আলা এ ধরনের বক্র পথগুলোকে বাতিল বলে ঘোষণা করেছেন যেগুলোতে তার অনুসারীদেরকে কুটকৌশল অবলম্বন করতে বলা হয় । এর উদ্দেশ্য হলো দ্বীনের সাহায্য করা । আল্লাহ তা'আলা স্পষ্ট বলে দিয়েছেন কোন সাহায্য বা সংস্কার অজ্ঞতার ও অন্যায়ের দ্বারা কখনো তার কাম্য নয় । আল্লাহ সূরা হুদে নবী (সঃ)-কে বলে দিয়েছেনঃ

যারা অন্যায় করেছে তাদের প্রতি ঝুঁকে পড় না, তাহলে তোমাদেরকেও আগুন স্পর্শ করবে। আল্লাহ ছাড়া তোমাদের কোন সাহায্যকারী নেই। যদি কর তাহলে তোমাদেরকে আর সাহায্য করা হবে না। (হুদ ১১ঃ ১১৩)

এ ধরনের চাটুকারিতা ও বক্র পথের পিছনে দ্বীনের কোন উপকার বা কল্যাণ নেই যদিও ধারণাকারীরা ধরণা করে থাকে। আল্লাহ! তাদের এ কল্যাণকামিতা যেন আবার তাদের আগুন স্পর্শকারী না হয়ে দাঁড়ায়? ঘুম থেকে জেগে উঠ, প্রত্যেক হাক ডাককারীর ধোঁকায় প্রভাবিত হইও না।

- তাফসীর কারকগণ "**তাদের প্রতি ঝুঁকে পড় না**" এর ব্যাখ্যায় বলেছেন, তাদের দিকে সহজ হয়ো না।
- আবুল আলীয়াহ বলেছেন, তাদের প্রতি ভালবাসা ও নরম নরম কথা দ্বারাও ঝুঁকে পড় না।
- সুফিয়ান ছাওরী বলেছেন, যে তাদেরকে কালির দোয়াত দিবে, বা পেনসিল কেটে দিবে, অথবা কাগজ তুলে দিবে সেও তাদের অন্তর্ভুক্ত হবে (যাদেরকে উপরোক্ত আয়াতে সতর্ক করা হয়েছে)।
- শাঈখ হামদ বিন আতীক বলেছেন, আল্লাহ তা'আলা কাফিরদের সাথে উঠা-বসার জন্য আগুন স্পর্শ স্পষ্ট করবে, সে হুমকি দিয়েছেন। যদিও সে মেলামেশায় নরম ভাষায় কথা বলা হয়।
- শাঈখ আব্দুল লতীফ বিন আব্দুর রহমান (রহঃ) [তিনি নাজদের সালাফী দাওয়াতের একজন অন্যতম ইমাম] মুফাসসিরদের পূর্বোক্ত উক্তিগুলো উল্লেখ করার পর "**ঝুঁকে পড়া**" এর অর্থ সম্পর্কে বলেছেন, এটা এজন্য যে, কেননা শিরকের গুনাহ সবচেয়ে বড় গুনাহ। যাতে বিভিন্নভাবে আল্লাহর নাফারমানী করা হয়। তাহলে কি করে এর সাথে আরো অপরাধ যোগ করে আল্লাহর আয়াতকে হেয় প্রতিপন্ন করা, আল্লাহর হুকুম ও আদেশকে অপসারণ করা, আবার যা এর বিরোধী সেগুলোকে ন্যায়সঙ্গত বলে মানা যায়।

  আল্লাহ ও তাঁর রাসূল ও মু'মিনরা জানেন এগুলো কুফরী কাজ, মূর্খতা ও পথভ্রষ্টতা। যার সামান্যতম আত্মমর্যাদা বোধ ও অন্তরে প্রাণশক্তি আছে সে কি আল্লাহ, তাঁর রাসূল, কিতাব ও দ্বীনের বিরোধিতা করতে পারে? এমন কি তার এগুলোর প্রতি অবজ্ঞা ও সম্পর্কহীনতা প্রতিটি অনুষ্ঠানে, বৈঠকে বৃদ্ধি পেতে পারে? এটা হচ্ছে এমন জিহাদ (সংগ্রাম) এগুলো দমন না করা পর্যন্ত শত্রুদের বিবুদ্ধে জিহাদে সফলতা আসবে না। আল্লাহর দ্বীনকে প্রচার প্রসার ও প্রকাশের আলোচনা শুবু করুন, পাশাপাশি এর বিপরীত জিনিসকে ঘৃণা করুন ও তার অনুসারীদের সাথে সম্পর্ক ছিন্ন করুন এবং এ মহা ফাসাদে পড়ার কারণগুলো নিয়ে ও আল্লাহর বাণী নিয়ে গবেষণা করুন। তাহলেই কেবল তাদের প্রতিহত করা সম্ভব হবে। আল্লাহ সাহায্যকারী। (আদ-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ খণ্ড- **১৬১** পৃষ্ঠা)

  কতই মর্যাদাবান তিনি। তাঁর কথাগুলো যেন আমাদের বর্তমান সময়ের জন্যই বলেছিলেন।

- শাঈখ মুহাম্মদ বিন আব্দুল ওয়াহাব বলেন, আল্লাহর শপথ করে বলছি- হে আমার ভাইয়েরা! আপনারা আপনাদের দ্বীনের মূলকে আঁকড়ে ধরে রাখুন। তার শুরু, ভিত্তিমূল- "লা- ইলাহা ইল্লাল্লাহ"-কে ধরে থাকুন। এর অর্থ জানুন ও ভালবাসুন। যারা একে মানে তাদের ভালবাসুন, তাদেরকে ভাই করে নিন। যদিও তারা বংশীয় দিক দিয়ে দূরের হয়। ত্বগুতকে অস্বীকার ও প্রত্যাখ্যান করুন। তাদের সাথে শত্রুতা ও ঘৃণা পোষণ করুন। আর ত্বগুতকে যারা ভালবাসে তাদেরকে ঘৃণা করুন। অথবা তাদের বিপক্ষে বিতর্ক করুন। যারা তাদেরকে কাফির ঘোষণা করল না। অথবা বলল, তাদের ব্যাপারে আমার কোন দায়িত্ব নেই। অথবা বলল, আমাকে আল্লাহ তাদের দায়িত্ব দিয়ে পাঠাননি। তাহলে সে আল্লাহর উপর মিথ্যারোপ করল এবং স্পষ্ট পাপ করল। আল্লাহ কাফিরদের ঘৃণা করার জন্য প্রতিটি মুসলিমকে দায়িত্ব দিয়েছেন। তাদের সাথে শত্রুতা, কুফরী ও সম্পর্ক ছিন্ন করা ফরজ করেছেন। যদিও তারা তাদের পিতা, ছেলে বা ভাই হোক না কেন। আল্লাহর শপথ করে বলছি আপনারা এগুলোকে আঁকড়ে ধরুন। তাহলে আশা করা যায় কিয়ামতের দিন শিরক না করে আপনাদের রবের সাক্ষাৎ লাভ করবেন।

- **সাবধানবাণী ঃ**

এসব কিছুর পর জেনে রাখুন। মিল্লাতে ইব্‌রাহীম প্রতিষ্ঠা করা ও দ্বীনের উপকারে বা স্বার্থে ভাল কাজে গোপনীয় ও লুকানো দাওয়াত পদ্ধতি গ্রহণ করার মাঝে কোন প্রতিবন্ধক নয়। আমাদের এ বক্তব্য সম্পূর্ণ সঠিক। কেননা নবী (সঃ) জীবনে অগণিতবার এ পদ্ধতির অনুসরণ করেছেন। যার অনেক প্রমাণ আছে। তবে এ সম্পর্কে এ কথা বলা যায়, এ গোপন পদ্ধতি সঠিক জায়গায় প্রয়োগ করতে হবে। সেটি হচ্ছে, পরিকল্পনা ও প্রস্তুতির খবর গোপন করা। আর মিল্লাতে ইব্‌রাহীম ও তাদের ত্বগুতী পদ্ধতি ও বাতিল উপাস্যর সঙ্গে কুফরী করাটা এ গোপন পদ্ধতির আওতা ভুক্ত নয়। বরং দাওয়াত প্রকাশ্যে দিতে হবে তা প্রথমেই ঘোষণা করবে যা পূর্বে আমরা আলোচনা করেছি। এরই বাস্তব রূপ বলা যায়, নবী (সঃ)-এর হাদীসটি- আমার উম্মাতের একটি দল সদা-সর্বদা প্রকাশ্য হকের উপর থাকবে (মুসলিম ও অন্যান্য) আর এ দাওয়াত গোপনে বা লুকিয়ে দেওয়ার অর্থই হলো ত্বগুতের সাথে আপোষে ভাব, তাদের দলে ঢুকে পড়া, তাদের অবস্থানকে আরো উঁচু করা। এটা কিন্তু নবী মুহাম্মাদ (সঃ)-এর পদ্ধতি নয়। বরং এটি দুনিয়ার প্রশাসনিক কর্মকর্তাদের স্বভাব ও পদ্ধতি, যাদের বলা ওয়াজিব ঃ

তোমাদের দ্বীন তোমাদের জন্য প্রযোজ্য আর আমার দ্বীন আমার জন্য। (আল-কাফিরূন ১০৯ঃ ৬)

বিষয়টির সারকথা হলো, পরিকল্পনা ও প্রস্তুতি গোপনে গ্রহণ করা আর দাওয়াত ও তাবলীগ প্রকাশ্যে।

- এ কথা আমরা এ জন্য বললাম, মানুষের মধ্যে অনেকেই আছে যারা মিথ্যা গুজব রটনা করে বা নবীদের দাওয়াত পদ্ধতি ভাল মত বুঝে না। নিজেদের মূর্খতা বশতঃ বলে, তোমরা আমাদেরকে যে পদ্ধতির দিকে ডাকতেছ আমাদের নিকট খোলাখুলিভাবে তার পরিকল্পনাও বলো, তাড়াতাড়ি দাওয়াত দাও এবং ফলাফল সম্পর্কেও অবহিত কর ইত্যাদি।

প্রথমে তাদের বলা হবে, যে ফলাফলের কথা বলা হচ্ছে সেটি যদি নবী (সঃ)-এর পদ্ধতি অনুযায়ী না হয় তাহলে সঠিক ফলাফল পাওয়া যাবে না। আধুনিক যুগের দাওয়াত পদ্ধতিই এর বড় প্রমাণ আর এর সাক্ষ্য হলো মিলাতে ইব্‌রাহীমের শরয়ী দলিলগুলো ও নবী রাসূলগণের দাওয়াতী পদ্ধতি। আমরা যদি আজ মুসলিম সন্তানদের মূর্খতা ও হকের সাথে বাতিলের মিশ্রণের অবস্থা দেখি তাহলে অবাক হয়ে যাই। এর কারণ হলো, এ সম্পর্কে স্পষ্ট ধারণা না থাকা। এটা হয়েছে বর্তমান আলেম ও দা'য়ীদের সত্যগুলো গোপন করার জন্যই। যদি তারা স্পষ্টভাবে বলতেন, প্রচার করতেন তাহলে তারা বিপদাপদের সম্মুখীন হতেন যেমন নবীদের অবস্থা হয়েছিল। আপনি এর দ্বারা হক্বপন্থী ও বাতিলপন্থী নির্ণয় করতে পারবেন। যদি পারেন তাহলে আপনি রিসালাত মানুষের কাছে পৌঁছে দিয়েছেন তা বুঝা যাবে। বিশেষ করে বর্তমান যুগের বিভিন্ন ক্ষেত্র হতে গুরুত্বপূর্ণ ও মারাত্মক সংশয় দূর হয়ে যাবে। যেমন বলা হয়েছে, "আলেম যখন কথা বলে তখন সত্য গোপন করে। আবার যখন মূর্খরা কথা বলে না জেনে না বুঝে তাহলে সত্য কিভাবে প্রকাশ পাবে?" আল্লাহর দ্বীন ও তাওহীদে আমালী ও ইতেকাদী যদি প্রকাশ না পায় তাহলে জনগণ কি আমল করবে? তাহলে দা'য়ীরা কোন ফলাফলের আশায় অপেক্ষা করতেছে?

সেটা কি (ইসলামী রাষ্ট্র)? আল্লাহর একাত্ববাদ মানুষের কাছে প্রকাশ করা; এটাও তাদের শিরকের অন্ধকার থেকে বের করে তাওহীদের আলোর দিকে নিয়ে আসার সবচেয়ে বড় উদ্দেশ্য। আর তখনই সম্ভব যখন আমরা দাওয়াতের কষ্ট স্বীকার করব ও আমাদের দা'য়ীরা পরীক্ষা ও বিপদাপদের সম্মুখীন হবে। প্রতিরোধ ও বিপদাপদ না হলে কি আর দ্বীন প্রকাশ ও বিজয় লাভ করতে পারে?

আল্লাহ যদি কতক লোক দ্বারা কতককে দমন না করতেন তাহলে পৃথিবীর ভারসামান্য নষ্ট হয়ে যেত। (আল-বাকারা ২ঃ ২৫)

এ জন্যই দ্বীনের প্রচার প্রকাশ্যভাবে করা ও বিভিন্নভাবে মানুষকে শিরক থেকে বের করে মুক্তি দেওয়া। আর এ উদ্দেশ্যকে সাফল্যমণ্ডিত করার জন্যই দা'য়ীরা কষ্ট সহ্য করেন ও কুরবানী দেন এবং ইসলামী রাষ্ট কায়েম করার অনেক মাধ্যমের মধ্যে এটি হচ্ছে একটি বড় মাধ্যম। জ্ঞানী লোকদের জন্য আসাহাবে উখদুদের ঘটনায় শিক্ষণীয় বিষয় আছে। ঐ সত্যের দা'য়ী বালক কোন রাষ্ট্র প্রতিষ্ঠা এবং কোন প্রভাব ও আক্রমণের ব্যবস্থা করেনি। তবুও যখন তার নিকট তাওহীদ প্রকাশ পেয়েছে সে নিজে অপরের কাছে প্রকাশ ও প্রচার করেছে। দ্বীনে হকের সাহায্য করেছে এবং শাহাদাত লাভ করেছে। এরপর জীবনের আর কি মূল্য থাকতে পারে? যদি হত্যা, জ্বালানো, শাস্তির কোন পরোয়া না করে দাওয়াত দেয় আর দা'য়ী বিরাট সাফল্য লাভ করে। যদি রাষ্ট্র থাক অথবা না থাক। যদি মু'মিনদেরকে জ্বালিয়ে দিতে চায় বা তাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করে, তাহলে তারা আল্লাহর সাহায্যপ্রাপ্ত হবে। কেননা আল্লাহর বাণী বিজয়ী ও উচ্চ মর্যাদার অধিকারী। এর সাথে যোগ করুন, শাহাদাত হলো তাদের পথ আর জান্নাত হলো তাদের গন্তব্যস্থল। আল্লাহ এ নিয়ামত গ্রহণ করার সুযোগ দিন।

- আর এর দ্বারা আপনি জেনে নিন ঐ সমস্ত মূর্খদের কথাঃ "নিশ্চয় এ পথ দাওয়াতকে ধ্বংস করে ও দ্রুত করুণ পরিণতি ডেকে আনে।" এ ধরনের কথা বলা মূর্খতা ও গুজব ছড়ানো বৈ কি! কেননা এ দাওয়াত হচ্ছে সেই দ্বীনের দাওয়াত যাকে আল্লাহ সকল দ্বীনের উপর বিজয়ী করার প্রতিশ্রুতি দিয়েছেন যদিও এটা মুশরিকরা অপছন্দ করে এবং এটা তারা করবেই কোন সন্দেহ নেই। আল্লাহর দ্বীনের সহযোগিতা ও তাকে উর্ধ্বে তোলার সাথে এ ধরনের গুজব রটনাকারীদের কোন সম্পর্ক নেই। তারা মরলে তাদের নীতিই মরবে। তারা ধ্বংস হলে তাদের রটনাও ধ্বংস হবে অথবা তারা মুখ ফিরিয়ে নিলে আল্লাহ আরেক দল লোক সৃষ্টি করবেন। আল্লাহ বলেন ঃ

যদি তোমরা দ্বীন গ্রহণ না কর তাহলে তোমাদের পরিবর্তে আল্লাহ অন্য জাতিকে এ সুযোগ দিবেন যারা তোমাদের মত হবে না। (মুহাম্মাদ ৪৭ঃ ৩৮)

আল্লাহ তা'আলা আরো বলেন ঃ

হে বিশ্বাসীগণ! তোমাদের মধ্যে যে দ্বীনকে পরিত্যাগ করবে অতিসত্ত্বর আল্লাহ অপর এমন জাতিকে নিয়ে আসবেন যাদের তিনি ভালবাসবেন ও তারাও তাকে ভালবাসবে। মু'মিনদের কাছে নিম্ন ও কাফেরদের কাছে সম্মানিত আল্লাহর পথে সংগ্রাম করবে, কোন নিন্দুকের নিন্দার ভয় করবে। এ হচ্ছে আল্লাহর অনুগ্রহ, যাকে ইচ্ছা দান করেন আল্লাহ প্রাচুর্যদানকারী ও জ্ঞানী। (আল-মায়িদাহ্ ৫ঃ ৫৪)

আল্লাহ আরো বলেন ঃ

যে ব্যক্তি দ্বীন গ্রহণে অস্বীকার করবে, (তবে) নিশ্চয় আল্লাহ অমুখাপেক্ষী ও প্রশংসার পাত্র। (হাদীদ ৫৭ঃ ২৪)

এ হচ্ছে রাসূল ও নবীদের এবং তাদের অনুসারীদের দাওয়াত, যা বর্তমান যুগে আমাদের সময়ে উজ্জ্বল সাক্ষী। তারা সকল মানুষের মধ্যে বেশী পরীক্ষার সম্মুখীন হয়েছেন। সেগুলো তাদের দাওয়াতী কাজে কোন প্রভাব ফেলতে পারেনি। বরং সে অন্যায় অত্যাচার আরো বেশী প্রকাশ ও প্রসার লাভে সহায়ক হয়েছে এবং মানুষের অন্তরে ও দলের মধ্যে সে দাওয়াতকে প্রবেশ করিয়েছে। আর অবস্থা আজও চলে আসছে এ নূরের দ্বারাই সমগ্র দা'য়ীরা মানুষকে পথ দেখায়। এটাই হচ্ছে হক্ব (সত্য), যাতে কোন সংশয় নেই।

- এ সত্ত্বেও এখানে আমাদেরকে শেষ সমাধান জানা দরকার। তা হলো, বিরোধী কাফেরদের সাথে শত্রুতা ও সম্পর্ক হীনতার প্রকাশ্য ঘোষণা ও তাদের বাতিল উপাস্যের সাথে কুফরী শুরু করতে হবে প্রত্যেক যুগেই, যদি সে প্রকৃত মুসলিমদের আহবানকারী হয়। এ হচ্ছে নবীদের গুণাগুণ ও সঠিক স্পষ্ট দ্বীনের দাওয়াত ও পদ্ধতি। এ দাওয়াত কখনো সফল হবে না, এর উদ্দেশ্যও ভাল হবে না, আল্লাহর দ্বীন কখনো প্রকাশ পাবে না আর মানুষও সত্যকে জানতে পারবে না যদি তারা এসকল নিয়মের অনুসরণ না করে। এ সত্ত্বেও বলতে হয়, এগুলো যখন একদল সত্যপন্থী প্রচার করে, পরবর্তীতে দুর্বল লোকদের দ্বারা তা সাধারণত বিলুপ্ত হয়ে যায়। উহাই হচ্ছে তোমাদের প্রচার ও প্রকাশ। অতএব যদি এটা নিজস্ব সীমারেখার মধ্যে হয় তাহলে তা সকল মুসলমানের উপর ওয়াজিব প্রত্যেক সময় ও স্থানে 'লা ইলাহা ইল্লাল্লাহ' এমন একটি গুরুত্বপূর্ণ জিনিস যা না মানলে কারও ঈমান ও ইসলাম বিশুদ্ধ হয় না। বরং আজকের যুগের এসব দা'য়ীদের মধ্যে এমন লোক ঢুকে পড়েছে যারা নবী (সঃ)-এর পদ্ধতি ব্যতীত ভিন্ন পদ্ধতি, তাদের বাজে তাকলীদ (অন্ধ অনুসরণ), দুনিয়ার বিভিন্ন দলের কিস্‌সা-কাহিনী ও তাদের নিজস্ব পদ্ধতি যেগুলোকে সব সময় গোপন ধর্মীয় কৌলিন বলে মনে করা হয়-সেগুলোর দিকে আহ্বান করে। তারা চাটুকারিতা ও মুনাফেকী করতে দ্বিধাবোধ করে না।

- আমাদের এই ব্যতিক্রমধর্মী বর্ণনা প্রবৃত্তি ও বিবেকের কৌশল দ্বারা উদ্ভাসিত হয়নি বরং বহু শরয়ী দলীল প্রমাণ দ্বারা উদ্ভাসিত হয়েছে। নবী (সঃ) এর দুর্বলতার যুগ নিয়ে যে চিন্তা গবেষণা করবে তার কাছে ব্যাপারটি স্পষ্ট ফুটে উঠবে, সেজন্য উপমার দিকে দেখুন বিস্তারিতভাবে সংক্ষিপ্তাকারে নয়। আমর বিন আবাসা আস-সুলামীর ইসলাম গ্রহণের ঘটনা, যা সহীহ মুসলিমে বর্ণিত প্রামাণ্য অংশ হচ্ছে তার কথা, 'আমি আপনার অনুসরণ করব'। তিনি বললেন ঃ '*তুমি আজকের দিনে তা করতে সক্ষম হবে না। তুমি কি আমার অবস্থা ও মানুষের অবস্থা দেখতে পাচ্ছো না। তুমি তোমার পরিবারের কাছে ফিরে যাও। যখন তুমি শুনতে পাবে যে আমি আত্ম প্রকাশ করেছি তখন তুমি আমার কাছে এসো।*'

  ইমাম নববী বলেছেনঃ "এর অর্থ হচ্ছে আমি তাকে বললাম, আমি তোমার আনুগত্য করব এখানে ইসলাম প্রচার ও প্রকাশ করার জন্য। আমিও আপনার সাথে অবস্থান করব। তখন তিনি বললেন ঃ তুমি একাজ করতে পারবে না। মুসলমানদের দুর্বল দুরবস্থার কারণে আমরা কুরাইশ কাফেরদের দ্বারা তুমি অত্যাচারিত হওয়ার ভয় পাচ্ছি। তবে তুমি এ ইসলাম গ্রহণ করার সওয়াব ও অন্যান্য কাজের সওয়াব পাবে। ইসলামের উপর অটল থাক। তোমার গোত্রের কাছে ফিরে যাও। নিজের জায়গাতে ইসলাম প্রচার কর। যতক্ষণ না তুমি আমার সম্পর্কে না জানতে পারবে যে আমি শক্তিশালীভাবে আত্মপ্রকাশ করেছি। তিনিই হচ্ছেন একক ব্যক্তি যাকে নবী (সঃ) দ্বীন গ্রহণের কথা ঘোষণা ও প্রকাশ করতে না করার অনুমতি দিয়েছিলেন। কেননা সে সময় নবী (সঃ) এর দাওয়াত ছিল প্রসিদ্ধ পরিচিত একটি ব্যাপার হাদীসে তাঁর কথা দ্বারাই পাওয়া যায় ঃ "*তুমি কি আমার ও মানুষের অবস্থা দেখতে পাচ্ছো না?*" (আমি দাওয়াত দিচ্ছি তারা কবুল করতে চাচ্ছে না বরং বিরোধিতা করতেছে।)

এবং বুখারীতে বর্ণিত আবু যার আল-গিফারীর ইসলাম গ্রহণের কাহিনী ঃ সে ঘটনায় প্রামাণ্য অংশ হচ্ছে তাকে বলা রাসূলের কথা ঃ "হে আবু যার! আমাদের শক্তি সামর্থ যখন প্রকাশ পাবে তখন আবার এসো..... হাদীস। একথা বলা সত্ত্বেও আবু যার কাফেরদের মাঝে প্রচার করেছেন যে, তিনি মুহাম্মদ (সঃ) এর পথ অনুসারী এজন্য তারা তাকে মারধর করে মরণাপন্ন করে ফেলে যেমন হাদীসে বর্ণিত হয়েছে। এসত্ত্বেও তিনি বার বার একথাই প্রচার করতে লাগলেন। কিন্তু নবী (সঃ) তাকে এ কাজ করতে নিষেধ করেননি। তাকে তিরস্কারও করেননি। বর্তমান যুগের দা'য়ীরা যে রকম বলে থাকেন তোমার দাওয়াতী কাজে অস্থিরতা ও বিশৃঙ্খলা সৃষ্ঠি হবে। সেরকম কিছু বলেননি। তুমি দাওয়াতের স্বার্থকতাকে ক্ষতিগ্রস্থ করেছো অথবা তুমি দাওয়াতী কাজকে এক বছর পিছিয়ে দিলে আল্লাহ তাঁকে এ ধরনের কথা বলা থেকে বাঁচিয়ে রেখেছেন। এটা হচ্ছে সমগ্র মানুষের জন্য আদর্শ এবং দাওয়াতী কাজের জন্য কিয়ামত পর্যন্ত অনুসরণীয় পদ্ধতি। অতএব দুর্বল মুসলমানদের দাওয়াত কবুলের কথা গোপন করা এক জিনিস এবং দ্বীনকে প্রকাশ ও প্রচার করা অন্য জিনিস। আর নবী (সঃ) এর দাওয়াত ছিল প্রকাশ্য পরিচিত ও প্রসিদ্ধ। প্রত্যেক লোকই জানত এর মূলনীতি ও কেন্দ্রীয় মূল কাজ হলো ঐ যুগের ত্বগুতকে অস্বীকার করা। এবার একমাত্র আল্লাহর জন্যই সকল প্রকার ও দিক দিয়ে ইবাদাতে তাওহীদ প্রতিষ্ঠা করা। এজন্য কাফেররা একে এড়িয়ে ও ভয় করে চলতো এবং বিভিন্নভাবে প্রতিরোধ করত। তবুও তাঁর দুর্বল অনুসারীরা ইসলাম গ্রহণের কথা গোপন বা হিজরত করার চিন্তা করেন যদিও তারা কাফের হতে অবর্ণনীয় দুঃখ কষ্ট পেয়েছেন দাওয়াত কবুলকে প্রকাশ্য ঘোষণা করারও তার মূলনীতি প্রসার করার জন্য। যদি তাদের মধ্যে চাটুকারিতা ও আপোষ করার মনমানসিকতা থাকত যেমনটি বর্তমান যুগের দা'য়ীদের মধ্যে আছে তাহলে তারা এ কাজে পুরোপুরি সফল হতে পারতেন না।

- এ গুরুত্বপূর্ণ বিষয়টি আপনি জ্ঞাত হওয়ার কারণে আপনার কাছে আরো একটি গুরুত্বপূর্ণ ব্যাপার স্পষ্ট হয়ে যাবে। সেটি হলো, কাফেরদের ধোঁকা দেওয়া বৈধ এবং মুসলমানদের দলের কতক সংখ্যক লোক লুকিয়ে রাখা, প্রতিরোধ ও যুদ্ধের সময় যখন দ্বীন ও দ্বীনের মূলনীতি বিকাশ লাভ করবে তখন তাদেরকে প্রকাশ্যে নিয়ে আসা জায়েয। এ ধরনের অবস্থায় কাব বিন আশরাফের হত্যাকাণ্ডের ঘটনাও এরূপ অন্যান্য ঘটনা প্রমাণ হিসাবে আনা যায়। আর অনেক দা'য়ী আছেন যারা তাদের জীবনকে ত্বগুতের সৈন্য হিসেবে ব্যয় করে যাচ্ছেন। তাদের বন্ধু হয়ে, চাটুকারিতা করে, জীবিত থাকে ও মারা যায়। তাদের সেবা ও তাদের জঘন্য প্রতিষ্ঠানের খেদমাত করে তারাই আবার দা'য়ী, দ্বীনের সাহায্যকারী সাজেন। তারা মানুষের কাছে দ্বীনের স্বরূপকে তালগোল পাকিয়ে দেয় এবং তাওহীদকে কবর দেয়। এ পরিস্থিতি পশ্চিমাঞ্চলে বিদ্যমান আর নবী (সঃ)-এর দাওয়াত ও হিদায়াত পদ্ধতি পূর্বাঞ্চলে কিছুটা আজও বিদ্যমান আছে।

এটি (সঠিক পথ) পূর্বাভিমুখী আর তুমি পশ্চিমাভিমুখী

আর পূর্বাভিমুখী আর পশ্চিমাভিমুখীর মাঝে কতই না পার্থক্য বিদ্যমান।

আর মিল্লাতে ইব্রাহীম হচ্ছে বিশুদ্ধ দাওয়াতী পথ, যা প্রিয়জনদের সাথে সম্পর্ক ছিন্ন ও দাসত্ব জীবনের অবসান। এছাড়া যত পক্ষ, বাঁকা পদ্ধতি, বক্র পথ অনুসরণকারী যারা দ্বীনকে প্রতিষ্ঠা করতে চায় কেন্দ্রীয় কোন শক্তি ছাড়াই এবং সুলতানদের আমলাদের সাথে সম্পর্ক ছিন্ন না করেই অথবা এ কাজ করে অণালিকা, নারী, পরিবার ও বাড়ী ও দেশে সুখ সমৃদ্ধি পরিত্যাগ করতে না পারার কারণে।

মিল্লাতে ইব্‌রাহীমের সাথে এর কোন সম্পর্ক নেই। যদিও এর আহ্বানকারীরা দাবী করেন যে, তারা আজ পূর্বসূরীদের নীতির উপর ও নবী রাসূলগণের নীতির উপর আজও প্রতিষ্ঠিত আছেন। আল্লাহর শপথ! আমি তাদেরকে দেখেছি মুনাফিক ও যালিমদের সাথে কি হাস্যজ্জ্বোলভাবে কথোপোকথন করতে। তারা আল্লাহ ও তাঁর রাসূলের বিরুদ্ধাচারণকারী কাফিরদের সাথে এরূপ আচরণ করছে অথচ এর দ্বারা তাদেরকে হিদায়াত করার কোন উদ্দেশ্য তাদের মাঝে নেই বরং আছে চাটুকারিতা, তাদের বাতিলের স্বীকৃতি, তাদের জন্য করতালি দেওয়া ও সম্মানের জন্য দাঁড়ানো ও বিভিন্ন উপাধি দিয়ে তাদের সম্মান করা। যেমন বলে, সম্মানের অধিকারী.... । সম্মানিত বাদশাহ..... মু'মিনদের সরদার, উচ্চমর্যাদার অধিকারী, এমনকি আমিরুল মুমিনীন! অথচ তারা ইসলাম ও মুসলমানদের ঘোর দুশমন।[১৮]

---

[১৮] **গুরুত্বপূর্ণ ফায়েদা, যা সরকারী আলেমদের আসল রূপ উন্মোচন করে দেয় ঃ**

জেনে রাখুন, আল্লাহ আমাকে ও আপনাদেরকে এ কাজ করা থেকে রক্ষা করুন। যা অনেক মুর্খরা করে থাকে। যদি তারা শাঈখ উপাধি ধারণ করে এবং নিজেদের সালাফিয়াতের অনুসারী বলে দাবী করে এবং বর্তমান যুগের অনেক ত্বগুত আমিরুল মুমিনীন ও ইমামুল মুসলিমীন উপধি গ্রহণ করে। এ ব্যাপারে তারা খারেজী ও মু'তাযিলাদের পথ অনুসরণ করে থাকে ইমামতিতে কুরাইশি হওয়ার শর্তকে অগ্রাহ্য করে। এজন্য দেখুন সহীহুল বুখারী, আহকাম অধ্যায় (পরিচ্ছেদ ঃ আমীর হবে কুরাইশ হতে) ও অন্যান্য ফিকহ, সুনান, আহকামে সুলতানিয়া প্রভৃতি গ্রন্থ দেখুন। এটি এমন একটি বিষয় যা পড়তে তেমন পরিশ্রম হবে না। ফাতহুল বারীতে হাফেয ইবনে হাজার আসকালানী কাজী আয়াজ থেকে বর্ণনা করেছেন সমগ্র মাযহাবী আলেমদের ঐক্যমতে মুসলমানদের নেতা হওয়ার জন্য কুরাইশি হওয়া শর্ত। তিনি একে ইজমা বলে গণ্য করেছেন। এ ব্যাপারে পূর্বসুরীদের থেকে এর বিপরীত কিছু বর্ণিত হয়নি। পরে তিনি বলেছেন, এ ব্যাপারে খারেজী ও মু'তাযিলাদের মতামতের কোন মূল্য নেই।

অতঃপর শাঈখ আব্দুল্লাহ আবু বাতীনকে "তিনি নজদের একজন দা'য়ী আলেম" দেখেছি মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহাব ও আব্দুল আযীয বিন মুহাম্মাদ বিন সাউদ (রহঃ)-কে কুরাইশী না হওয়ার কারণে যারা ইমাম উপাধি দেন তাদের প্রতিবাদ করতে। তিনি বলেছেন, মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহাব (রহঃ) তার জীবনে তিনি মুসলিম উম্মাতের ইমাম বলে দাবী করেননি। বরং তিনি একজন আলিম ছিলেন মানুষকে সঠিক পথের দিকে ডেকেছেন, এ জন্য প্রয়োজনে যুদ্ধ করেছেন, তবে জীবনেও তিনি ইমাম বলে দাবী করেননি। আর আব্দুল আযীয বিন মুহাম্মাদ বিন সাউদ, তারা উভয়ে জীবদ্দশায় ইমাম বলে অভিহিত হতেন না। কিন্তু তাদের মৃত্যুর পরে লোকজন এ ধরনের উপাধি দিচ্ছে। (দেখুন আদ-দারুর আস-সানিয়্যাহ, জিহাদ খন্ড, ২৪০ পৃষ্ঠা)

এই আলেমে রব্বানীর দিকে তাকিয়ে দেখুন কিভাবে তিনি এসব এড়িয়ে চলতেন। যে সমস্ত হিদায়াতকারী দা'য়ী সে ধরনের উপাধি গ্রহণ করে তারা লাঞ্ছিত হোক। বর্তমানে সরকারী শাঈখদের মত যারা ত্বগুতদেরকে ইমাম বা আমীরুল মু'মিনীন এর উপাধি নিয়ে যে বাড়াবাড়ি করেন তারা সেরূপ করতেন না। তাদেকে তারা সুসংবাদ দিয়েছেন যে তারা খারেজী পন্থীদের মত। তাদেরকে এ (খারেজী) উপাধি যতদূর সম্ভব হক্কানী আলেমদের ছাত্র ও সত্যের আহ্বানকারীরা দিয়েছেন, যারা তাদের ত্বগুতকে বর্জন করে চলেন।

পূর্বোক্ত আলোচনা প্রমাণ করে নেতা (ইমাম) হবেন কুরাইশ বংশ থেকে। যদি এর সাথে ইনসাফ, জ্ঞান ও হিকমাত না থাকে সেগুলো ইমাম হওয়ার জন্য শর্ত তাহলে সে কিভাবে ইমাম হতে পারে? আবার যদি তার মধ্যে ইসলাম ও ঈমান না থাকে তাহলেই বা কিভাবে সে ইমাম হতে পারো? কিভাবে, কিভাবে?

আল্লাহর কসম! আমরা তাদের দেখেছি। তারা মশার ডানার চাইতেও সস্তা মুল্যে দ্বীনকে বিক্রি করে দেয় অথচ তাদেরকে মু'মিন বলা হয় এবং তারা তাওহীদের পাঠও দেন। সময় সময় তারা কুফরী আইনে রচিত সংবিধানকে সম্মানে শপথ করতেও আরম্ভ করেন এবং তৈরী করা আইনের পবিত্রতার সাক্ষী দেন অত্যাচারীদের দল ভারি করে এবং তাদের সাথে সাক্ষাতে হাস্যোজ্জ্বল মিষ্টি কথা বলেন অথচ তারা দিন রাত আল্লাহর আয়াত (কুরআন) নিয়ে দৌড় ঝাঁপ করে বেড়ায়। তাদেরকে কি আপনি নসিহত করবেন যালেমদের সাথে না মিশতে, তাদের আনুগত্য ও তাদের বাতিলের প্রতি সন্তোষ প্রকাশ না করতে তারাই কুরআনের এ আয়াতগুলো পড়ে থাকে যেমন আল্লাহ্ বলেনঃ

যালেম অত্যাচারীদের সংস্পর্শে যাবে না তাহলে তোমাদেরকেও জাহান্নামের শাস্তি গ্রাস করবে ... (হুদ ১১ঃ ১১৩)

আল্লাহ্ আরো বলেনঃ

তোমাদেরকে কিতাবে বলা হয়েছে যখন তোমরা শুনতে পাবে কোন ব্যক্তি আল্লাহর আয়াতকে অস্বীকার করে অথবা ঠাট্টা করে, তাহলে তোমরা তাদের সাথে উঠা বসা কর না যতক্ষণ তারা সে ধরনের কথাবার্তা বলতে থাকে। যদি তোমরা সেখানে উপস্থিত থাক, তাহলে তোমরাও তাদের অর্ন্তভুক্ত বলে গণ্য হবে। (আন্-নিসা ৪ঃ ১৪০)

- শাঈখ সুলাইমান বিন আব্দুল্লাহ বিন শাঈখ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহাব বলেন ঃ আল্লাহর বাণী **"তাহলে তোমরাও তাদের অন্তর্ভুক্ত বলে গণ্য হবে।"** এর অর্থ হচ্ছে কোন ব্যক্তি যদি শোনে আল্লাহর আয়াতকে অস্বীকার বা ঠাট্টা করা হচ্ছে আর সে কাফেরদের ও অস্বীকারকারীদের সাথে সেটাকে অপছন্দ ও অস্বীকার না করে অথবা সেখান থেকে না উঠে তাহলে সে লোকও তাদের মত কাফির যদিও সে একাজ না করে। (আদ্-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ খণ্ড পৃষ্টা-৭৯)

আল্লাহর বাণী ঃ

যখন তুমি কাউকে আল্লাহর আয়াতকে ঠাট্টা বিদ্রুপ করতে শুনবে তুমি তাদের হতে চলে আস । যতক্ষণ তারা এ ধরনের আলাপ করে ততক্ষণ তাদের থেকে দূরে থাক।
(আল-আন্আম ৬ঃ ৬৮)

- হাসান বসরী বলেছেন ঃ যারা আয়াত (কুরআন) নিয়ে ঠাট্টা বিদ্রুপ করে তাদের সাথে বসা বৈধ নয়। আল্লাহর এ বাণীর ভিত্তিতেঃ **যদি শয়তান তোমাকে ভুলিয়ে দেয় তবে স্মরণ হওয়ার পর যালেমদের সাথে উপবেশন কর না।**[১৯]

  তেমনি আল্লাহ আরো বলেন ঃ **যদি আমি আপনাকে দৃঢ় না রাখতাম তাহলে আপনি কিছুটা তাদের প্রতি ঝুঁকে পড়তেন। যদি ঝুঁকে যেতেন তাহলে জীবন ও মৃত্যুর শাস্তি আপনাকে আস্বাদন করাতাম। তখন আমাদের বিপক্ষে আপনি কোন সাহায্যকারী পাবেন না।** (বানী ইসরাঈল ১৭ঃ ৭৪)

- শাঈখ সুলাইমান বিন আব্দুল্লাহ বলেন ঃ সর্বোত্তম সৃষ্টি নবী (সঃ)-কে যদি এ ধরনের হুমকি দেওয়া হয় তাহলে অন্য মানুষের অবস্থান কোথায় (আদ্ দুরার আস-সানিয়্যাহ, জিহাদ খণ্ড, ৪৭ পৃষ্ঠা)

  তারা মু'মিনদের গুণাবলীর এ আয়াত পাঠ করে ঃ

  যারা আজে বাজে কথা থেকে নিজেদেরকে বাঁচিয়ে রাখে। (মু'মিনুন ২৩ঃ ৩)

  এবং আল্লাহর বাণী ঃ

  যারা মিথ্যা সাক্ষী দেয় না। আর যখন তারা আজে বাজে কথার অনুষ্ঠানে থাকে সুকৌশলে সেখান থেকে তারা প্রস্থান করে। (ফুরকান ২৫ঃ ৭২)

এগুলো করা সত্ত্বেও তারা মনে করে তারা সালাফীদের নীতির উপর আছেন। আর সালাফীগণ বাদশাহদের দরবার হতে পলায়ন করতেন শরয়ী অভিভাবকের পদ মর্যাদাও প্রত্যাখান করতেন। তারা তাদের অন্যায় ও অত্যাচারের সাথে হাত মিলাননি। আর আল্লাহর শপথ! তারা তাদের ঘাড়ে তলোয়ার ধরেনি, তাদেরকে পা বেধে উল্টা ঝুলিয়ে রাখাও হয়নি এবং তাদেরকে কোন প্রকার জোর করাও হয়নি। বরং, তাদেরকে প্রচুর ধনসম্পদ এবং কুটনীতিতে সুদৃঢ়তা অর্জনের প্রস্তাব দেয়া হয়েছিল।

আমরা আল্লাহর কাছে প্রবৃত্তির কুমন্ত্রণা ও চোখের দৃষ্টিহীনতা থেকে বাঁচার প্রার্থনা করছি। আমরা আশা করি যেন তারা অন্তত এটা ঘোষণা করে ঃ 'আমরা কাজ করেছি দুনিয়ার মোহে আচ্ছন্ন হয়ে।' বরং তারা বলেঃ 'দাওয়াতের কৌশল ও দ্বীনের উপকারের জন্য একাজ আমরা করছি।' সুতরাং, হে অজ্ঞ লোকেরা! তোমদের এই উপহাস কাদের জন্য? আমাদের উপর, আমরা দুর্বল লোক? যদি তাই হয়, তবে আমরা ও আমাদের মত লোকেরা কেউই তোমাদের ভাল বা মন্দ কিছুই করার ক্ষমতা রাখি না। নাকি আকাশের মহা পরাক্রমশালী, আল-জাব্বর-এর উপর যার কাছে কোন কিছুই গোপন থাকে না যিনি তোমাদের প্রকাশ্য ও অপ্রকাশ্য সব কিছুই জানেন।

---

[১৯] আল-আনআম ৬ঃ ৬৮

আমরা ঐ সরকারী গোলামদের (ও তাদের বেতনভুক্ত আলেমদের) অভিযোগ করতে শুনেছি তাদের বিরুদ্ধে যারা তাদের বিরোধিতা করে অথবা তাদের কাজকে সমর্থন করে না, এই বলে যে, 'তাদের অগভীর গবেষণা ও স্বল্পজ্ঞানের কারণে তারা দাওয়াতী কাজের হিকমাত অবলম্বনকারী নন এবং ফলাফল বেছে নিতে ধৈর্যশীল নন অথবা দুনিয়াবী রীতিনীতির ব্যাপারে অজ্ঞ, তাদের রাজনৈতিক জ্ঞান কম ও অভিজ্ঞতার অভাব আছে।'

অথচ তারা এটা উপলব্ধি করে না যে, তারা এ ধরনের কথা বলে কেবল গুটিকয়েক লোককে অপমান করে না বরং সমস্ত রাসূলগণের মিল্লাতকে অপমানিত করে, যে ক্ষেত্রে সব চেয়ে গুরুত্বপূর্ণ হলো আল্লাহর শত্রুদের সাথে শত্রুতা করা, তাদের বক্র পথকে অস্বীকার করা, তাদের কুফরী পদ্ধতিকে ঘৃণা ও প্রত্যাখান করা, অথচ সেক্ষেত্রে তাদের কথাবার্তা দ্বারা মনে হয় যে, ইব্‌রাহীম (আঃ) ও তাঁর সাথীদের দাওয়াতী পদ্ধতিতে কোন হিকমাত ছিল না। অথচ আল্লাহ্ তাদের প্রশংসা করেছেন ও আমাদের অনুকরণ করতে বলেছেন ঃ

ইব্‌রাহীম ও তাঁর সাথীদের মাঝে তোমাদের জন্য উত্তম আদর্শ রয়েছে... (মুমতাহিনা ৬০ঃ ৪)

আল্লাহ্ আরো বলেন ঃ

তার চাইতে কে ভাল দ্বীনদার, যে ব্যক্তি নিজেকে আল্লাহর নিকট আত্মসমর্পণ করেছে এবং সে মুহসিন (একনিষ্ঠ) ছিলেন মিল্লাতে ইব্‌রাহীমের অনুসরণ করেছে আর আল্লাহ ইব্‌রাহীমকে একনিষ্ঠ অন্তরঙ্গ বন্ধু করে নিয়েছেন। (আন-নিসা ৪ঃ ১২৫)

আল্লাহ তা'আলা ইব্‌রাহীম (আঃ) কে বোকামী হতে পবিত্র ও বুদ্ধিমান বলে গুণান্বিত করেছেন ঃ

আমি ইতোপূর্বে ইব্‌রাহীমকে সৎপথের জ্ঞান দান করেছি আর তাঁর সম্পর্কে আমি অবগত ছিলাম। (আম্বিয়া ২১ঃ ৫১)

এরপর তিনি ইব্‌রাহীম (আঃ)-র দাওয়াতের প্রশংসা করেছেন, যেমন আমরা পূর্বে আলোচনা করেছি যে, মিল্লাতে ইব্‌রাহীম হতে কেউ মুখ ঘুরায় না তাহলে কি বোকাদেরই দাওয়াতের হিকমাত, স্পষ্ট চিন্তা চেতনা, সঠিক পদ্ধতি ও সঠিক পথ রয়েছে?

‘অনুচ্ছেদ ঃ মিল্লাতে ইব্‌রাহীমে অটল থাকার দুঃসাধ্যতা এবং ভ্রান্ত পথ অনুসরণের ক্ষেত্রে একটি সতর্কবাণী

জেনে রাখুন, আল্লাহ আমাদের ও আপনাদেরকে তাঁর সঠিক দ্বীনের উপর প্রতিষ্ঠিত রাখুন, মিল্লাতে ইব্‌রাহীমের মিত্রতা ও বৈরিতা কাফেরদের সাথে শুরু করা ও তাদের নিকট তা প্রকাশ করা ও তাদের উপাস্য গুলিকে বর্জন করার যে আহবান জানায় তা মানা বড়ই কষ্ট সাধ্য। কেউ যেন মনে না করেন যে, এ পথে গোলাপ ও ফুল বিছিয়ে রাখা আছে অথবা এ কথা মনে না করেন এ পথে সুখ সহনশীলতায় ভরপুর। না, বরং এ পথ দুঃখ কষ্ট ও বিপদাপদে ভরপুর। কিন্তু এর ফলাফল হচ্ছে মিসকে আম্বরের ঘ্রাণযুক্ত পানীয়, সুখ শান্তি ও সন্তুষ্টচিত্তে পরকালে রবের সাক্ষাত লাভ আমরা আমাদের ও মুসলমানদের জন্য কোন বালা-মুসিবত কামনা করি না। তবে আল্লাহ তা'আলার রীতি মোতাবেক এ পথে বিপদাপদ আছেই। এর দ্বারা যেন মন্দ হতে ভালকে বাছাই করতে পারেন। সেটা এমন পথ যার উপর প্রবৃত্তির অনুসারী ও বাদশাহরা খুশি হতে পারে না। কেননা, এ হলো তাদের কার্যকলাপের স্পষ্ট প্রতিবন্ধক, এবং তাদের উপাস্য ও শিরক হতে স্পষ্ট বৈরিতা।

আর এপথ ছাড়া অন্য পথের অনুসারীদের দেখবেন অধিকাংশ সুখী, বিলাসী ও দুনিয়ার প্রতি আসক্ত। তাদের মধ্যে বালা-মুসিবতের কোন লেশমাত্র নেই। কেননা প্রত্যেক ব্যক্তিই তার দ্বীন অবলম্বনের সমপরিমান পরীক্ষিত হয়। তাই সবচেয়ে বিপদাপদ সহ্য করেছেন নবীগণ। এরপর নবীদের মত যারা কাজ করেছেন তারা। আর মিল্লাতে ইব্‌রাহীমের অনুসারীরা মানুষের মধ্যে সব চাইতে বেশী বালামসিবতে আক্রান্ত। কেননা দাওয়াতী ক্ষেত্রে তারা নবীগণের পদ্ধতির অনুসরণ করে। যেমন ওয়ারাকা বিন নওফিল নবী (সঃ) কে বলেছিলেনঃ “তুমি যা নিয়ে এসেছ তা যেই নিয়ে এসেছিল তারই সাথে শক্রুতা কর হয়েছিল।” (বুখারী)

আমাদের বর্তমানে যাকে বলতে দেখবেন যে, ঐ ব্যক্তি নবী (সঃ) যেভাবে দাওয়াত দিতেন সেভাবে দাওয়াত দেন ও তাঁর পদ্ধতি অনুযায়ী চলেন এবং দাবী করেন তিনি নবী (সঃ) এর পদ্ধতির উপর প্রতিষ্ঠিত আছেন। অথচ বাতিলপন্থী ও বাদশাহদের অনৈসলামী কাজের বিরোধিতা করেন না, তিনি দুপক্ষকে খুশি করেই সন্তুষ্ট। তাহলে তার অবস্থার দিকে তাকান, হয়তো সে ইসলামী তরীকা হতে পথভ্রষ্ট। নবী (সঃ) যা নিয়ে এসেছেন তিনি তা নিয়ে আসেননি বরং তিনি বক্র পথের অনুসরণ করেছেন অথবা তার দাবীতে সে মিথ্যাবাদী। সে এমনরূপ ধারণ করেছে সে রূপ ধারণ করার যোগ্য সে নয়। হয়তো প্রবৃত্তির অনুসারী অথবা দুনিয়াবী স্বার্থ হাসিল করার উদ্দেশ্যে দ্বীনাদার লোকদের বিরুদ্ধে গোয়েন্দা ও তদন্তকারী হিসাবে বাদশাহদের কাজ করছে এ কথাই ওয়ারাকা বিন নওফিল নবী (সঃ) কে বলেছিলেন, যা সাহাবীদের অন্তরে বায়আতের সময় পূর্ণ মাত্রায় ছিল। যেমন আসতাছ বিন যুরারা তাদেরকে স্মরণ করিয়ে দিয়ে বলেন ঃ হে মদীনাবাসী! তোমাদেরকে মতামত গ্রহণের সুযোগ দিচ্ছি। তাকে বের করে নেওয়া মানে সমগ্র আরবের সাথে সম্পর্ক ছিন্ন করা। অথবা তোমাদের উত্তম ব্যক্তির সাথে সংঘর্ষ করা যার তলোয়ার তোমাদের কাটবে। তোমরা যদি এর উপর ধৈর্য ধারণ করতে পার তাহলে এর বিনিময় আল্লাহর কাছ থেকে নিও। আর যদি তোমরা এমন ব্যক্তি হও যারা নিজেরাই ভয় করে তাহলে তাকে রেখে যাও। তাহলে এটাই আল্লাহর কাছে ওজর হিসাবে বলতে পারবে। (আহমাদ ও বায়হাকী)

এ ব্যাপারটি ভালভাবে চিন্তা করুন, যা আমাদের আজকের দ্বীনে বড় প্রয়োজন যে সময় ভণ্ডরা দা'য়ীদের বেশে দাওয়াতী লেবাসে দৌড় ঝাপ করে বেড়ায়। নিজের দিকে ফিরে তাকান ও নিজেকে পরিমাপ করুন কতটুকু হকের উপর আছেন। ইসলামী ও অন্যান্য পথগুলিকে নিজের সামনে তুলে ধরে হিসাব করুন, আপনি কতটুকু কোন পথে আছেন। যদি আপনি ধৈর্যধারীদের অর্ন্তভুক্ত হন তাহলে তা ভালভাবে আকড়ে ধরুন এবং আল্লাহর কাছে সাহায্য চান, যেন এর পিছনে যে বালা-মুসিবত আসবে তাতে যেন টিকে থাকতে পারেন।

আর যদি আপনি সেই ধরনের লোক হন যারা নিজের জীবনকে খুব মায়া করেন এবং তা বাস্তবায়ন করার ক্ষমতা রাখেন ও এ মিল্লাত প্রচার করার সাহস পান না। তাহলে আপনি দা'য়ীর লেবাস খুলে ফেলুন, ঘরে তালা লাগিয়ে বসে থাকুন। শুধু আপনার ব্যক্তিগত কাজ করুন সর্বসাধারণের কাজ করা ছেড়ে দিন অথবা আপনার বকরীর পাল নিয়ে পাহাড়ের কোন গুহায় আশ্রয় নিন।

আল্লাহর শপথ! এ হচ্ছে আসয়াদ বিন যুরারা যা বলেছেন তার বাস্তবরূপ। তিনি বলেছেন, এটা হবে তোমার জন্য আল্লাহর নিকট কৈফিয়ত। হ্যাঁ, ইহা আপনার জন্য কৈফিয়ত বটে, আপনি আপনার নিজেকে ও মানুষদের হাসাতে পারবেন যখন মিল্লাতে ইব্‌রাহীম প্রতিষ্ঠা করতে সক্ষম হবেন না। যখন বক্র পথে দাওয়াতের জন্য বের হবেন ও মানুষকে নবী (সঃ) প্রদর্শিত পথ বাদে অন্য পথে হিদায়াত করার প্রয়াস চালাবেন। ত্বগুতের সাথে সুন্দর ও নম্রভাবে কথাবার্তা হল, তাদের সাথে শত্রুতাকে গোপন করা এবং তাদের বাতিলকেও অস্বীকার না করা। আল্লাহর শপথ! অতঃপর আল্লাহর শপথ! সে ব্যক্তি আপনার চাইতে অনেক উত্তম ও হিদায়াতপ্রাপ্ত, যে তার বকরীর পাল নিয়ে পাহাড়ের গুহায় চলে যায়। হে জাতি! যারা আজকাল আকর্ষণীয় বক্তব্য দেয়, তাদের সে বক্তব্যে প্রভাবিত হইও না। তারা মিম্বারে চড়ে, নোট লিখে তা সকল অনুষ্ঠানে পেশ করে। আল্লাহর শপথ! তারা হক্ব কথা, হিদায়াতের কথা এমনকি মানুষের ধ্বংসের কারণগুলোও বলে না। যেখানে একটু হকের (সত্যের) ইঙ্গিত দেন তিনি অত্যাচারী ও প্রবৃত্তির অনুসারীদের সাথে সম্পর্ক উন্নয়নের আশায়। অথবা আধুনিক যুগের সম্মান লাভ ও প্রসিদ্ধি অর্জন করার জন্য। হে জাতি ভাই! আমার উপদেশ হচ্ছে, বর্তমানে যে কোন কিছুর প্রতিই ভাল কিছু পুরোপুরি আশা করা ঠিক। আল্লাহর দ্বীন নিয়ে বেঁচে থাকুন সন্দেহ ও সংশয় নিয়ে নয়। আমি তাদেরকে অনেক দেখেছি তারা উপহাস করে। তাদের ভ্রষ্ট ও বক্রপথ সম্পর্কে নিশ্চিত হওয়া গেছে। তাদের কাছ থেকে তাদের দাওয়াত হতে দূরে থাকুন যে দাওয়াত নবী (সঃ)-এর তরীকার ওপর প্রতিষ্ঠিত নয়। তাদেরকে দেখেছি যারা আলাদা থাকে তাদেরকে উপহাস করতে। তারা দুনিয়ায় স্বার্থ হাসিল করার জন্য আমন্ত্রণ করে এবং আল্লাহর দিকে দাওয়াত কম দিতে বলে...।

ব্যাপারটি যখন সেরকম, তাহলে এটা কোন দাওয়াত যাতে তারা শিথিলতা দেখিয়ে তোমাদের এ দাওয়াত দ্বারা সেনাবাহিনী ও পুলিশ লালন-পালন, জাতীয় সংসদ সদস্য বিভিন্ন চাকুরীজীবিকে নিয়োগ দেওয়া হয় বা শুধু অত্যাচারীদের দলভারী করা হয়। অথবা সে আহ্বান দ্বারা সমাজের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, শিক্ষা প্রতিষ্ঠান ও বিকৃত রুচির স্কুল ও কলেজগুলোতে অসভ্য আড্ডা প্রবেশ করায় এ যুক্তিতে যে, এটা হচ্ছে দাওয়াতী কৌশল তাই দ্বীনের বাস্তবরূপ এখনই প্রকাশ করা যাবে না। অথচ তোমরা দাওয়াত দাও নবী (সঃ)-এর প্রদর্শিত পথ বহির্ভূতভাবে। অথবা তারা হক্বের

দাওয়াতে শিথিলতা করেছে যেরূপ শিথিলতা করেছে অপর দলটিও, আর তারা কেউই মিলাতে ইব্‌রাহীম-এর অন্তর্ভুক্ত ছিল না। তারা নবী (সঃ)-এর হাদীস দ্বারা দলীল পেশ করে থাকে যা ইমাম আহমাদ ও তিরমিযী ও অন্যান্যরা বর্ণনা করেছেন, "মু'মিন সেই ব্যক্তি যিনি মানুষের সাথে মেলামেশা করেন ও তাদের দুঃখ কষ্টে ধৈর্য ধারণ করেন সেই মু'মিন নয় যে মানুষের সাথে মিশেনা ও তাদের দুঃখ কষ্টে ভাগী হয় না।"

আমাদের মতামত হলো, এ হাদীস প্রাচ্যের জন্য আর আপনি পাশ্চাত্যের লোক। তাই মানুষের সাথে মেলামেশাও হতে হবে নবী (সঃ)-এর আদর্শ মোতাবেক। আপনাদের মন ও প্রবৃত্তির ও বিদ'আতী দাওয়াতী পদ্ধতি দ্বারা নয়। যদি নবী (সঃ)-এর আদর্শ মোতাবেক হয় তাহলে কষ্ট ও সওয়াব এক সাথেই পাওয়া যাবে। আর যে নবীর (সঃ) আদর্শ মোতাবেক দাওয়াত দেয় না সে আবার কিসের সওয়াবের আশা করে? সে তো আমল কবূল হওয়ার শর্তের মধ্যে গুরুত্বপূর্ণ একটি শর্তই ছেড়ে দিয়েছে সেটি হলো (রাসূলের আনুগত্য করা)। যে ব্যক্তি ফাসিক, পাপিষ্ঠ ও বিদ্রোহীদের সাথে শত্রুতা প্রকাশ করে না, তাদের শিরকের সাথে ও তাদের বক্রপথের সাথে বৈরিতা প্রকাশ করে না তাহলে তাদেরকে আর কিসের দুঃখ কষ্ট গ্রাস করবে বরং তাদের সাথে উঠা-বসা করে বাতিলকে সমর্থন করে, হাসিমুখে কথা-বার্তা বলে। যখন তারা আল্লাহর সীমালঙ্ঘন করে তখন কড়া চোখে তাকায়ও না বা রাগান্বিত হয় না। দাওয়াতে নম্রতা, হিকমাত ও উত্তম কথা, মানুষকে দ্বীন থেকে বিতাড়ন, দাওয়াতের কৌশল প্রভৃতি যুক্তিতে তারা এ কাজ করে। তারা এভাবেই দ্বীনকে ধ্বংস করে তাদের নম্রতার কুঠার ও বিদ'আতী হিকমাত দ্বারা।

শাঈখ আব্দুল লতীফ বিন আব্দুর রহমান আদ্ দুরার আস-সানিয়্যাহ পুস্তিকায় দ্বীন প্রচার, সৎ কাজে আদেশ ও অন্যায় কাজে নিষেধ করা সম্পর্কে বলেন, এটা তারা (কতক মূর্খরা) বর্জন করে চাটুকারিতা ও তাদের সাথে ঘনিষ্টতা রক্ষার জন্য। এ কাজ সবচেয়ে ক্ষতিকারক, সবচেয়ে বড় গুনাহ, যে কেবল মূর্খতা বশতঃ করে এ যুক্তিতে এ পথ মেনে চললে বিলাসী জীবন পাওয়া যাবে না তাই তোমরা রাসূলদের ও তাঁদের অনুসারীদের বিরুদ্ধাচারণ কর এবং তাদের পথ ও মত থেকে ফিরে আস। তারা মনে করে, মানুষকে তাদের শ্রেণী অনুযায়ী খুশি করা, নিরাপদে রাখা ও তাদের ভালবাসা অর্জন করাই হচ্ছে বুদ্ধিমানের কাজ। আত্মিক প্রশান্তি ও মানুষের সুখ শান্তি আনয়নের কোন বিকল্প নেই। পাশাপাশি আল্লাহর জন্য মানুষের সাথে শত্রুতা পরিত্যাগ করা, এর জন্য কষ্ট স্বীকার না করাই হচ্ছে প্রকৃত ধ্বংসের কারণ। যে ব্যক্তি আল্লাহর জন্য বৈরিতা ও মিত্রতা করেনি সে ঈমানের স্বাদ আস্বাদন করতে পারবে না। বুদ্ধিমানের কাজ হলো, আল্লাহ ও তাঁর রাসূল যা পছন্দ করেন তার সাথে সম্পর্ক করা। আর এগুলো অর্জিত হয় আল্লাহর শত্রুদের সাথে বৈরিতা ও আল্লাহর সন্তুষ্টিকে প্রাধান্য দেওয়া দ্বারা এবং যখন কেউ হারামের সীমালঙ্ঘন করবে তখন তার সাথে রাগ করা। আর রাগ সৃষ্টি হয় আত্মার জীবনীশক্তি ও তার ব্যক্তিত্ববোধ ও আত্মমর্যাদা থেকে। যখন আত্মার জীবন আত্মমর্যাদাবোধ বিলুপ্ত হবে তখন তার মধ্যে কাফিরদের বিরুদ্ধে রাগের সৃষ্টি হবে না। তাদের সাথে লেনদেন, আচার ব্যবহারের ক্ষেত্রে ভাল মন্দ সবই বরাবর হয়ে যায়। তাহলে এ ধরনের অন্তরে আর কি ভাল জিনিস অবশিষ্ট আছে? (জিহাদ খণ্ড পৃষ্ঠা ৩৫)

এদের কতককে এমন পাবেন যারা যে তাদের তরুণ অনুসারীদের কর্মকাণ্ড দেখে হাসে। তারা নিরস্ত্রভাবে যুদ্ধ করতে চায় এবং এ বিষয়ে বর্ণিত দলীলকে প্রত্যাখ্যান করে তারা আব্দুল্লাহ ইবন মুবারক (রহঃ)-এর ফুযাইরের নিকট প্রেরিত এক পত্রে যে কবিতা বলেছিলেন, সেটি বলে থাকে ঃ

হে হারামাইনের উপাসক! তোমরা যদি আমাদেরকে দেখতে
তাহলে তোমরা বুঝতে যে তোমরা শুধু ইবাদতের ব্যাপারে ঠাট্টা করছ।
যার গ্রীবা তার অশ্রুতে ভিজে,
তবে আমরা আমাদের দেহ ভিজে রক্তে।

যদি তাদেরকেও তাদের বক্র দাওয়াতী কাজকে হারামাইনের উপাসক (আবেদ) দেখতেন, তাহলে হয়তো বলতেন, প্রশংসা মাত্র সেই আল্লাহর, যিনি তোমরা যে ফিতনায় পতিত হয়েছ তা থেকে আমাকে মুক্ত রেখেছেন এবং অনেকের উপর আমাকে সম্মান দান করেছেন।

আর আমি বলতাম, তাদের এই দাওয়াত ও তরীকা এবং ইবন মুবারক ও সালেহীনদের যুদ্ধের মধ্যে ব্যবধান সৃষ্টি করে, যাতে করে এ নিয়ে সালেহীনদের ইবাদত প্রতিযোগিতা করতে পারে বরং কদাচিত যদি ইবন মুবারক তাদের এ দাওয়াত দেখতেন তাহলে ফুযাইলকে অবশ্যই এ কথা বলে পাঠাতেন,

“হে হারামাইনের আবেদ, যদি তোমাদেরকে দেখতাম তাহলে প্রশংসা করে বলতাম, আপনি ইবাদতে অনুপস্থিত। যে ব্যক্তি নবী (সঃ)-এর পথ ও মত অনুযায়ী দাওয়াত দেয় না সে তার দ্বীনের ব্যাপারে মূর্খ ও দ্বীন নিয়ে খেলা করে?”

অনুচ্ছেদ ঃ মিল্লাতে ইব্রাহীমে অটল থাকার ব্যাপারে দায়ীত্বসমূহ

হ্যাঁ, মিল্লাতে ইব্রাহীম মেনে চলা অনেক কঠিন। তবে এর সাথে রয়েছে আল্লাহর সাহায্য ও বড় সাফল্য। এর দ্বারা মানুষকে দুটি শ্রেণীতে ভাগ করা হয়। ঈমানের শ্রেণী ও কাফের, ফাসিক ও আল্লাহদ্রোহী শ্রেণী। আর এর দ্বারাই শাইতানের ওলী থেকে আল্লাহর ওলী কারা তা স্পষ্টভাবে পৃথক করা যায়। এরূপই ছিল নবী-রাসূলদের দাওয়াত। আমরা যে ধরনের রুগ্ন মনোভাব নিয়ে আজ বসবাস করছি তাদের তেমনটি ছিল না। কুচক্রীকে ভদ্রের ও সৎ লোককে খারাপ লোকের সাথে সংমিশ্রণ ঘটিয়ে ফাসিক কাফেরদের সাথে দাড়িওয়ালাদের নম্র ব্যবহার, উঠাবসা, সম্মান,তাদেরকে আল্লাহভীরু ও সৎ লোকদের উপর প্রাধান্য দেওয়া বিভিন্ন পদ্ধতিতে তাদের দ্বীনের বৈপরিত্য ও শত্রুতা প্রকাশ ধুলায়িত হোক বরং তাদের দাওয়াত শারীয়াত বিরোধী সকল শ্রেণীর সাথে স্পষ্ট বৈরীমূলক ও তাদের বাতিল উপাস্যের সহিত প্রকাশ্য শত্রুতা। তারা কোন মধ্যস্ততা, চাটুকারিতা ও নম্রতা দেখাননি দ্বীনের প্রচারে।

- পূর্বের যুগের নূহ (আঃ)-এর দাওয়াতী কার্যক্রম সম্পর্কে শুনুন, তিনি তার সম্প্রদায়ের বাদশাহ ও তাদের উপাস্যের কোন পরোয়া না করে একাই হুংকার দিয়ে বলেনঃ

হে আমার জাতি! যদি আমার অবস্থান ও আল্লাহর আয়াত দ্বারা তোমাদেরকে দেওয়া আমার দাওয়াত তোমাদের কাছে অসহ্য ও অসম্ভব মনে হয় তাহলে আমি আল্লাহর উপর ভরসা করি। তাহলে তোমরা তোমাদের কর্মপদ্ধতি ও অংশীদারগণকে একত্রিত কর, এরপর তোমাদের কাজ তোমাদের উপর যেন কঠিন না হয়ে পড়ে। এরপর আমার সাথে ফায়সালা কর এবং আমাকে কোন অব্যাহতি দিও না। (ইউনুস ১০ঃ ৭১)

কোন চাটুকার কি এ কথা তার জাতিকে বলতে পারবে, যেমন সাইয়্যিদ কুতুব (রহঃ) বলেন, উদ্দীপক খোলা চ্যালেঞ্জ, হাতে জনবল না থাকলে যে কথা কেউ বলে না এবং সে তার জন সংখ্যা, তার পূর্ণাঙ্গ আস্থা যাতে নিজেই দ্বন্দ্ব মিটাতে সক্ষম হয় এবং তাদেরকে উদ্দীপনামূলক কথা বলে আক্রমণ করার জন্য উৎসাহ দেয়। তাহলেই কেবল সে ধরনের কথা যদি বলা যায় তাহলে নূহ (আঃ)-এর পিছনে কোন শক্তি ও জনবল ছিল? তাঁর সাথে ছিলেন আল্লাহ। তিনিই পথ পদর্শক ও সাহায্যকারী হিসাবে যথেষ্ট। আল্লাহ তা'আলা তাঁর নবী মুহাম্মাদ (সঃ)-কে এ আয়াতগুলোকে তার জাতির নিকট তিলাওয়াত করতে আদেশ করেছেন। তিনি বলেছেন, **তাদের কাছে নূহ (আঃ)-এর সংবাদ পড়ে শুনান, যখন নূহ (আঃ) তার জাতিকে বললেনঃ ......** । (ইউনূস ১০ঃ ৭১)

- আর হুদ (আঃ)-এর দিকে দেখুন, তিনি এমন এক জাতির মুখোমুখি হয়েছিলেন যারা মানব জাতির মধ্যে সর্বাধিক শক্তিশালী ও নির্দয় ছিল। তাদের তিনি মোকাবেলা করেন একাই। পাহাড়ের মত দৃঢ়ভাবে অথবা এর চাইতে আরো শক্তভাবে। তার দিকে মনোযোগ দিয়ে শুনুন।

তিনি তার সম্প্রদায়ের শিরকের সাথে খোলাখুলিভাবে বৈরিতা ঘোষণা করেন এবং তাঁর চিরন্তন বাণী শুনুন ঃ

.

তিনি বললেনঃ আমি আল্লাহকে সাক্ষী করছি তোমরাও সাক্ষী থাক। তোমরা আল্লাহ ছাড়া যার সাথে শিরক কর আমি তা হতে মুক্ত। তোমরা সবাই মিলে আমার বিরুদ্ধে যদি ষড়যন্ত্র কর তাহলেও তোমরা সাহায্যপ্রাপ্ত হবে না। (হুদ ১১ঃ ৫৪-৫৫)

তিনি তাদেরকে এ কথা বলেছিলেন যখন তিনি শুধু একাই ছিলেন, "তোমরা আমার বিরুদ্ধে তোমাদের জনবল ও সৈন্য সামন্ত ও তোমাদের বাতিল প্রভুদের নিয়ে ষড়যন্ত্র বা আক্রমণ কর তবুও আমি আমার আহ্বান থেকে সরে যাব না।"

আর আমার রব সঠিক ও সরল পথের উপর আছেন। (হুদ ১১ঃ ৫৬)

এবং যারা তাদের অনেক কথায় সাইয়্যিদ কুতুবের (রহঃ) উক্তি পেশ করেন, অথচ যখন তারা উদগ্রীব - অথবা আরও নিকৃষ্টকর, যে তারা একে অপরের সাথে প্রতিযোগিতা শুরু করে ত্বগুতের কাছে প্রার্থনা করার জন্য, যারা আল্লাহর শরীয়তের বিরোধী, যেন কিছু ক্ষেত্রে কিছু ক্ষেত্রে আল্লাহর শরয়ী ফায়সালার বিধান চালু করে অথবা আল্লাহর রাস্তায় যেন তাদের দাওয়াত দেওয়ার অনুমতি দেওয়া হয়; অথবা শিরকী, ফাসেকী ও আল্লাহদ্রোহী প্রতিষ্ঠানে একটি ভাল পোস্টে চাকুরি পায়। এ ধরনের লোকদের ক্ষেত্রে সাইয়্যিদ কুতুবের (রহঃ) এসকল আয়াত প্রসঙ্গে যা বলেছেন তা আমরা ব্যবহার করতে পারি। যেমন তিনি বলেন, এটি হচ্ছে জাতি থেকে দায়মুক্তির আন্দোলন তাদের অনেকের এবং তাদের ভাইদের অবস্থা ছিল এমন যে, তাদের মধ্যে বসবাস করলে ভয়ের মধ্যে থাকতে হতো সেজন্য তারা আল্লাহর পথ বাদে অন্য পথ ধরেছে এবং দুই দলের মধ্যে এমন বিচ্ছেদের আন্দোলন ঘটেছে যে, তারা আর মুখোমুখি হয় না, তারা সাক্ষ্য দেয় আল্লাহ তাদের পথভ্রষ্টজাতি হতে মুক্ত করেছেন এবং তাদের কাছ থেকে আলাদা করেছেন। তারা তাদের সামনেই এই দায়মুক্তির কথা বলে থাকে যাতে তাদের অন্তরে কোন সন্দেহ, ঘৃণা ও ভয় না থাকে, যা থাকার কথা।

নিশ্চয় মানুষ ঐ লোককে দেখে হতবুদ্ধি হয়ে যায় যে এ সকল জাতির মোকাবেলা করে যারা তাদের বানোয়াট প্রভুদের উপর চরম আস্থাশীল ও বিশ্বাসী। সে তাদের প্রভুদেরকে নির্বোধ ও তাদের আকীদা ভ্রান্ত বলে ঘোষণা করে। এরপর তাদের বিরুদ্ধে চ্যালেঞ্জ ছুড়ে দেয়। তাদেরকে দাওয়াত কবুলের প্রস্তুতি গ্রহণের কোন সুযোগ দেয় না এবং তাদের রাগ প্রশমিত হওয়ার জন্য বিলম্ব করে না। নিশ্চয় আল্লাহর দিকের আহ্বায়করা প্রত্যেক স্থান ও কালে প্রয়োজনে এ ধরনের চমৎকার পরিস্থিতিতে দীর্ঘক্ষণ অপেক্ষা করেছেন।

একজন মাত্র লোক, তার সাথে গুটি কয়েকজন লোক ছাড়া কেউ ঈমান আনেনি। পৃথিবীর সবচেয়ে ঔদ্ধত্য, সম্পদশালী ও তৎকালীন সময়ের সবচেয়ে বেশী সাংস্কৃতিবান ও জড়বাদীদের মোকাবেলা করেছেন। যারা ছিল কঠোর ও নিষ্ঠুর, যারা নির্দয়ভাবে জুলুম করত। যাদেরকে নেয়ামত অহংকারী করে তুলেছিল। যারা তাদের জন্য বিভিন্ন ফ্যাক্টরী বা শিল্পকারখানা তৈরী করেছিল দীর্ঘজীবি ও চিরস্থায়ী হওয়ার আশায়। এটাই হচ্ছে ঈমান, বিশ্বাস ও আত্মতৃপ্তি। আল্লাহর প্রতি ঈমান, তাঁর প্রতিশ্রুতির প্রতি ঈমান, তাঁর প্রতিশ্রুতির প্রতি আস্থা রাখা, তাঁর সাহায্যের জন্য অপেক্ষা করা ঃ

আমি আমার ও তোমাদের রব আল্লাহর উপর ভরসা করেছি। পৃথিবীতে বিচরণশীল প্রত্যেক প্রাণীরই কেশগুচ্ছ তিনি ধরে রেখেছেন, নিশ্চয় আমার রব সঠিক পথেই আছেন। (হুদ ১১ঃ ৫৬)

তাঁর জাতির এই নিষ্ঠুর ও শক্ত হৃদয়ের লোকজনও পৃথিবীর বিচরণশীল প্রাণী, আল্লাহ তাদেরও কেশগুচ্ছ ধরে রেখেছেন এবং তাঁর শক্তি দিয়ে তাদের উপর তাঁর কঠোরতা প্রকাশ করবেন। তাহলে এ প্রাণীগুলোকে কিসের ভয়? এদেরকে নিয়ে কিসের আনুষ্ঠানিকতা? এগুলো তার উপর চড়াও হবে না যদি চড়াও হয় তবে কি তার রবের অনুমোতি ক্রমেই হবে? (সংক্ষিপ্ত আয-যিলাল)

এরূপই ছিল রাসূলদের (সঃ) অবস্থা তাদের বিরোধী জাতির সাথে। আর তাদের দাওয়াতও ছিল সারাক্ষণ বাতিলের বিরুদ্ধে সংগ্রাম করা, দাওয়াতকে স্পষ্টভাবে মানুষের কাছে তুলে ধরা, শত্রুতা ও বৈরিতা প্রকাশ্যে ঘোষণা করে দেয়া, তাদের দাওয়াতে কোন চাটুকারিতা, তাদের বলার আংশিককে সমর্থন অথবা রাস্তায় সাক্ষাতের সময় ভাল ব্যবহার করেছেন এরূপ কোন কিছু জানা যায় না।

বাতিল ও বাতিলপন্থীদের সাথে দ্বন্দ্ব ও শত্রুতা বহু পুরাতন সমাধান। আদম (আঃ)-কে দুনিয়াতে নামিয়ে দেওয়ার সময় হতেই আল্লাহ এ কাজ ফরজ করেছেন। আল্লাহ এটা মানুষের কাছ থেকে আদায় করতে চেয়েছেন তাকদীর ও শরীয়তের মাধ্যমে যাতে করে তাঁর শত্রুকে আর বন্ধুকে ও শয়তানের দল থেকে তাঁর দল, মন্দ থেকে ভালকে বাছাই করতে পারেন এবং মু'মিনদের মধ্যে থেকে সাক্ষী গ্রহণ করতে পারেন। তাই আল্লাহ বলেন ঃ

তোমরা নেমে যাও, তবে তোমরা একে অপরের শত্রু। (আল-আরাফ ৭ঃ ২৪)

এ নীতির উপরই রয়েছেন, রাসূলদের সমগ্র কাফেলা আর এটিই ছিল তাদের দ্বীন, যা ইতোপূর্বে পাঠকগণ অবগত হয়েছেন। আল্লাহ বলেনঃ

এমনিভাবে প্রত্যেক নবীদের পিছনে মানুষ ও জীনদের হতে শয়তান নিয়োগ করেছি।
(আল-আন্‌আমঃ ১১২)

আল্লাহ তা'আলা বলেন ঃ

এমনিভাবে প্রত্যেক নবীর জন্য আমি অপরাধীদের থেকে শত্রু করেছি । (ফুরকান ২৫ঃ ৩১)

. . .

. . .

আপনি বলে দিনঃ হে কাফিরগণ ! আমি তার ইবাদত করি না তোমরা যার ইবাদত কর । এবং তোমরা তাঁর ইবাদত কর না যার ইবাদত আমি করি । এবং আমি ইবাদতকারী নই, যার ইবাদত তোমরা কর । এবং তোমরা তাঁর ইবাদত কর না যার ইবাদত আমি করি । তোমাদের দ্বীন তোমাদের জন্য এবং আমাদের দ্বীন (ইসলাম) আমাদের জন্য । (আল-কাফিরূন ১০৯ঃ ১-৬)

হে মানুষেরা! তোমরা যদি আমার দ্বীন সম্পর্কে সন্দেহ কর তাহলে জেনে রাখ আল্লাহ বড় । এক আল্লাহর ইবাদত কর যিনি তোমাদেরকে মৃত্যুদেন । আমাকে মু'মিন হওয়ার আদশে করা হয়েছে । (ইউনূস ১০ঃ ১০৪)

আল্লাহ তা'আলা রাসূল (সঃ)-কে সম্বোধন করে বলেনঃ

যদি তারা আপনাকে মিথ্যাবাদী মনে করে তাহলে বলুন, তোমাদের কাজ তোমরা কর আমার কাজ আমি করি । তোমরা যা কর আমি তা থেকে মুক্ত আবার আমি যা করি তোমরা তা থেকে মুক্ত । (ইউনূস ১০ঃ ৪১)

আল্লাহ মু'মিনদের বলার জন্য শিখিয়ে দিয়ে বলেন,

আল্লাহ আমাদের ও তোমাদের রব । আমাদের কাজ আমরা করব, তোমাদের কাজ তোমরা কর । (আশ্-শুরা ৪২ঃ ১৫)

আবূ দাঊদ ও অন্যান্যদের বর্ণিত সহীহ্ হাদীসে এসেছে- নিশ্চয় রাসূল (সঃ) তাঁর কোন এক সাহাবীকে বলেছেন ঃ "সূরা আল-কাফিরূন পড়ে শেষ করে ঘুমাবে । এটা শিরক থেকে মুক্তকারী ।"

'রিসালাত আসবাব নাজাত আস-সু'উল মিন আস-সাইফ আল-মাসলুল' পুস্তিকায় এসেছে, যার সারসংক্ষেপ হচ্ছে, ইখলাসের কালিমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' অনেকগুলো শর্তকে যুক্ত করে, যারা দ্বীনে হানীফের অনুসারী তাদের শুধু এর মুখে উচ্চারণ করলেই যথেষ্ট হবে না। সে যদি আল্লাহ প্রেমিক হয় তাহলে তার ভালবাসা পূর্ণ হবে না কাফের মুশরিকদের সাথে শত্রুতা না করা ব্যতিত। এ ব্যাপারে আল্লাহ বলেন ঃ **তোমরা কি দেখেছ, তোমরা ও তোমাদের পূর্বপুরুষগণ কিসের উপাসনা করতো, তারা আমার শত্রু, শুধু মহা বিশ্বের পরিচালক আল্লাহ ছাড়া।** (শুয়ারা ২৬ঃ ৭৭)

এটিই হচ্ছে "লা ইলাহা ইল্লাল্লাহ" এর অর্থ, যেমন আল্লাহ তা'আলা বলেন ঃ **সে সময়ের কথা স্মরণ করুন যখন ইব্‌রাহীম (আঃ) তাঁর পিতা ও জাতিকে বললেন, যিনি আমাকে সৃষ্টি করেছেন তিনি ব্যতীত বাকী যার উপাসনা তোমরা কর সেগুলোর হতে আমি সম্পর্ক মুক্ত, তিনি নিজেই আমাকে সঠিক পথ দেখাবেন। আর এটা তার পরবর্তী বংশধরদের মধ্যে চিরস্থায়ী কালেমা করেছে। যাতে তারা আল্লাহর দিকে ফিরে আসে।** (যুখরুফ ৪৩ঃ ২৮)

ইব্‌রাহীমের অনুসারী হানীফ সম্প্রদায়ের ঈমামগণ এর উত্তরাধিকার লাভ করেছে। নবীগণও একে অপরের উত্তরাধিকার হয়েছেন। যখন আমাদের নবী মুহাম্মাদ (সঃ) প্রেরিত হয়েছেন তাকেও আদেশ করা হয়েছে আমাদের পিতা ইব্‌রাহীম (আঃ) যে কথা বলেছিলেন সেটি বলার জন্য। তার সম্পর্কে আল্লাহ একটি পূর্ণাঙ্গ সূরাই অবতীর্ণ করেছেন আর তা হলো, *সূরা কাফিরূন*। (মাজমুআত আত-তাওহীদ)

নবী (সঃ) একে প্রচার, প্রকাশ ও ঘোষণা করেছেন এবং কিছুই গোপন করেননি। এজন্য তিনি ও তাঁর সাহাবীগণ অনেক কষ্ট সহ্য করেছেন। এজন্য তোষামোদ করেননি। তারা তোষামোদি থেকে দূরে ছিলেন। মু'মিনরা তার উপর দৃঢ় ছিলেন। আর নবী (সঃ) তাদেরকে আল্লাহর ওয়াদা ও জান্নাতের কথা বলে এবং পূর্বের ঈমানদারদের ভয়াবহ অবস্থা বর্ণনা করে মু'মিনদের শান্তনা দিতেন যেমন তিনি বলেছেনঃ "হে ইয়াসিরের পরিবার! তোমরা ধৈর্য ধর, তোমাদের গন্তব্যস্থল জান্নাত।" (আল-হাকিম ও অন্যরা বর্ণনা করেছেন)

খাব্বাবকে উদ্দেশ্য করে নবী (সঃ) এর উক্তি ঃ "তোমাদের পূর্বের এমনও ঈমানদার ছিলেন তাকে ধরে এনে মাটির গর্ত খোড়া হত। তাতে তাকে ফেলা হত, এর পর করাত নিয়ে আসা হতো, সেটা তার মাথার উপর রাখা হত, এরপর তাকে দু'খণ্ড করে ফেলা হত। লোহার চিরুণী দ্বারা তার শরীরের মাংস তুলে নেওয়া হত। এতো অত্যাচারও তাকে দ্বীন থেকে সরাতে পারত না। আল্লাহর শপথ! আল্লাহ অবশ্যই এই দ্বীনকে পরিপূর্ণ করবেন। তখন এমন নিরাপত্তা আসবে যে একজন আরোহী সানা থেকে হাজারামাউত পর্যন্ত ভ্রমণ করবে কোন কিছুর ভয় শুধু আল্লাহকে ছাড়া আর তার ছাগলের উপরে বাঘের আক্রমণের ভয়ও থাকবে। কিন্তু তোমরা বড় তাড়াহুড়া করছো।"[২০]

---

[২০] হাদীসটি বুখারী ও অন্যান্যরা বর্ণনা করেছেন। এরূপই নবী (সঃ)-এর নিয়ম ছিল। সর্বদা (মক্কী জীবনে) তার সাহাবীদেরকে পূর্বযুগের ঈমানে অটল থাকা ব্যক্তিদের ঘটনা বর্ণনা করে সাহস যোগাতেন দ্বীনের উপর

এ কথা তিনি (সঃ) তাঁর সাহাবীদেরকে বলতেন, ঠিক সে সময়ে যখন তিনি কুরাইশদের বলতেন যা আল্লাহ তাঁকে আদেশ করেছেনঃ

(হে নবী!) আপনি বলুন, আমি তোমাদের মত একজন মানুষ। পার্থক্য এই যে, আমার কাছে ওয়াহী আসে যে, নিশ্চয় তোমাদের রব একজন। তাঁর কাছে সঠিক পথ কামনা কর ও ক্ষমা প্রার্থনা কর এবং মুশরিকদের জন্য রয়েছে ভয়াবহ শাস্তি। (ফুসিলাত ৪১ঃ ৬)

এবং মাক্কী আয়াতগুলো তিনি বলেন ঃ

.

.

.

তোমরা তোমাদের শরিকদের ডাক এবং ষড়যন্ত্র কর, তোমরা সাহায্যপ্রাপ্ত হবে না। আল্লাহর ওলী তারাই যাদের জন্য আল্লাহ কিতাব অবতীর্ণ করেছেন। তিনি লোকদের অভিভাবকত্ব গ্রহণ করেন। আল্লাহ ব্যতীত তোমরা যাদের ডাক তারা কোন সাহায্য করতে পারবে না। এমনকি তারা নিজেদেরও কোন সাহায্য করতে পারবে না। (আল-আ'রাফ ৭ঃ ১৯৫-১৯৭)

আয়াতগুলো মক্কায় অবতীর্ণ। এসব কারণেও তাঁর দাওয়াতী কার্যক্রম অত্যচারিরা কোন দিন মেনে নেয়নি। তাঁর দাওয়াতে তাদের মন খুশি হয়নি ও চক্ষু শীতল হয়নি। বরং তাদের উত্তেজনাকে উত্তেজিত ও তাদের বিধ্বংসীকাজকে ধ্বংসশীল করে তুলেছে। তাঁর সাথে কত দর কষাকষি করেছে তার হিসাব নেই। কিন্তু তিনি উবু হয়ে দাঁড়িয়ে থেকে তাদের বাতিলের দিকে ও জোটের দিকে যারা ষড়যন্ত্র করত তাকিয়ে ছিলেন। বরং তাদের হিদায়াতের লোভ থাকা সত্ত্বেও পথে ঘাটেও তাদের বাতিলের বিরুদ্ধে স্পষ্ট বক্তব্য দিতেন, তাঁর সঙ্গী সাথী কম থাকা সত্ত্বেও। বরং সব সময় তিনি তাই বলতেন, যা আল্লাহ বলতে নির্দেশ দিতেনঃ

অটল থাকার জন্য। এমনকি কেউ যদি এমন কঠিন শাস্তির মুখোমুখি হয় যা সহ্য করতে পারছে না তাকেও শান্তনা দিতেন। এ ধরনের পরিস্থিতির স্বীকার হয়েছিল আম্মার বিন ইয়াসির (রাঃ)। যাকে আল্লাহর পক্ষ থেকে ক্ষমা ও তার অব্যহতির কথা বলেছেন, আমাদের যুগের অনেক দা'য়ীর মত নয় যারা সারা জীবন শুধু রুখসাত, মাকরূহ ও জরুরী পরিস্থিতির কথা শুনান। তাদের প্রতিটি দিনই তার অন্যস্থানে। তারা প্রত্যেক বাতিলে এর দ্বারা দলীল গ্রহণ করে। তারা, কোন জোরজবরদস্তী ছাড়াই, কুফরী ও শিরকী রাষ্ট্রের সংখ্যা ভারী করে। তাহলে কারা তাদের দ্বীন প্রকাশ্য পালন করবে?

আপনি যারা কাফির তাদের বলুন, অচিরেই তোমরা পরাজিত হবে ও জাহান্নামে নিক্ষিপ্ত হবে। সেটা কতই না নিকৃষ্ট স্থান। (আলি-ইমরান ৩ঃ ১২)

শাঈখ আব্দুর রহমান বিন হাসান নবী (সঃ)-এর সাহাবীদের প্রচার ও দৃষ্টান্ত উল্লেখ করে বলেন, এই হচ্ছে রাসূল (সঃ)-এর সাহাবীদের অবস্থা এবং তারা মুশরিকদের পক্ষ থেকে যে কষ্ট সহ্য করেছেন তার বিবরণ। তাহলে এই অজ্ঞদের অবস্থা কোথায় যারা ফিতনায় পড়ে বাতিলের দিকে দ্রুত ধাবিত হচ্ছে, তাতে নতুন কিছু সংযোজন করেছে এবং অগ্রসর হয়েছে ও পশ্চাতে গিয়েছে, ভালবাসা করেছে, চাটুকারিতা করেছে, নির্ভর করেছে, বড় মনে করেছে, প্রশংসা করেছে? তারা ঐরূপ যেমনি আল্লাহ বলেছেনঃ **যদি শত্রুপক্ষ চতুর্দিক থেকে নগরে প্রবেশ করে তাদের সাথে মিলিত হত, অতঃপর বিদ্রহ করতে প্ররোচিত করত, তবে তারা অবশ্যই বিদ্রোহ করত এবং তারা মোটেই বিলম্ব করত না।**[২১] আল্লাহর কাছে ইসলামের উপর অটল রাখার প্রার্থনা করছি। গোপনীয় ও প্রকাশ্য পথভ্রষ্টকারী ফিতনায় পড়া থেকে আশ্রয় চাচ্ছি। এ কথা সর্বজন জ্ঞাত যে, নবী (সঃ)-এর কাছে যারা ইসলাম গ্রহণ ও তাঁর প্রতি ঈমান এনেছেন এবং তিনি আল্লাহর পক্ষ থেকে যা নিয়ে এসেছেন তাতে বিশ্বাস করেছেন, যদিও তখন পর্যন্ত তারা শিরক ও মুশরিকদের থেকে মুক্তি পাননি তবু তারা মুশরিক দ্বীনকে মন্দ ও তাদের প্রভুদের ত্রুটি বর্ণনা শুরু করে দিতেন। সেজন্যই তারা বিভিন্নরূপ অত্যাচারের স্বীকার হয়েছিলেন। (আদ-দুরার আস-সানিয়্যাহ, জিহাদ খণ্ড পৃষ্ঠা- ১২৪)

- শাঈখ হামদ বিন আতীক সূরা কাফিরূন সম্পর্কে বলেন, আল্লাহর আদেশ হচ্ছে কাফিরদের বলা, তোমরা যে দ্বীনের অনুসারী আমি সে দ্বীন হতে মুক্ত। আর আমি যে দ্বীনের অনুসারী তোমরা সে দ্বীন হতে মুক্ত। এর স্পষ্ট অর্থ হলো, তোমরা কুফরীর উপর আছ এ কথা বুঝিয়ে দেওয়া এবং আমি তাদের ও তাদের দ্বীন হতে মুক্ত। যে ব্যক্তি নবীর (সঃ) অনুসারী ছিলেন তাকেই এ কথা বলতে হতো। এ কথা বলা ছাড়া তিনি দ্বীন প্রকাশকারী বলে বিবেচিত হতো না। তাই সাহাবীরা যখন বলতেন, তখন মুশরিকরা অত্যাচার করত। তাই তাদেরকে হাবশায় হিজরত করার আদেশ করেছিলেন। যদি ইসলাম গ্রহণ করে প্রকাশ না করে চুপচাপ থাকার কোন সুযোগ থাকত তাহলে তারা তাই করতেন এবং পশ্চিম দেশে হিজরত করতে বলতেন না। (সাবিলুন নাজাত ওয়াল ফিকাহ পৃষ্ঠা ৬৭)

যারা মিল্লাতে ইব্‌রাহীম (আঃ) ও তাঁর বিষয়বস্তু বুঝে না তারা প্রায়ই একটি সংশয় করে মূর্খতা বশতঃ বলে থাকে মিল্লাতে ইব্‌রাহীম (আঃ) আমাদের জন্য নয় বরং তা রহিত হয়ে গেছে। তারা এর প্রমাণে বলে, দুর্বলতার সময়ে মক্কায় দীর্ঘদিন অবস্থানের জন্য। কাবার আশে পাশে মূর্তিগুলো ভাঙ্গা হয়নি। এমনকি তাদের একজনের কাছে শুনেছি, যিনি প্রসিদ্ধ একজন শাঈখ যার কিতাবে বাজার সয়লাব হয়ে গেছে।

---

[২১] আল-আহযাব ৩৩ঃ ১৪

তার এক বৈঠকে বলতে শুনেছি, যার সারাংশ হচ্ছে- "তোমরা যে মিল্লাতে ইব্‌রাহীমের অনুসরণ করতে চাও সে মিল্লাত থেকে রাসূল (সঃ) প্রথম দিকে বিরত ছিলেন। কেননা তিনি মক্কায় তের বছর অবস্থান করেছেন অথচ মূর্তি ভাঙ্গেননি। তাকে ও তার মত যারা আছে তাদেরকে আমরা বলব, যে জিনিস আপনাদেরকে মিল্লাতে ইব্‌রাহীম বুঝত ও জানতে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে তা হলো, আপনাদের বুঝ শক্তির সংকীর্ণতা আর মূর্তি ভাঙ্গাকেই মিল্লাতে ইব্‌রাহীম মনে করা। আপনাদের ধারণা যে, মিল্লাতে ইব্‌রাহীম হচ্ছে গুড়িয়ে দেওয়া। এ কথা বলা হয় ইব্‌রাহীম (আঃ) যখন তার সম্প্রদায়ের মূর্তির উপর আক্রমণ করেছিলেন এবং সেগুলোকে টুকরো টুকরো করে ফেলেছিলেন। শুধু বড়টা বাদে, যাতে করে তারা মূর্তির অক্ষমতা বুঝতে পেরে তার কাছে আসে। আপনাদের কাছে যখন প্রমাণিত হবে না যে, নবী (সঃ) তাঁর সম্প্রদায়ের মূর্তির সাথে এরূপ ব্যবহার করেননি তখন আপনাদের সংকীর্ণ দৃষ্টিতে মনে হবে মিল্লাতে ইব্‌রাহীম আমাদের কাছে পুরোপুরি রহিত। তার কোন কিছু আমাদের করার দরকার নেই। এর সাথে আপনাদের কথা প্রমাণ করে পূর্বের যত আয়াত এসেছে। অথবা মিল্লাতে ইব্‌রাহীম মেনে চলার জন্য যে উৎসাহ দেওয়া, তা হতে ইব্‌রাহীম (আঃ) ও তাঁর সাথে যারা ঈমান এনেছিলেন তাদের দাওয়াতী কার্যক্রমের বিস্তারিত আলোচনা করা, তাদের ও অন্যান্য নবীদের তাদের সম্প্রদায়ের সাথে অবস্থানের বর্ণনা দেওয়া সম্পর্কে পূর্বে যত আয়াত এসেছে তার সবই অনর্থক, অতিরিক্ত জিনিস যার পেছনে ভেতরে কোন ফায়দা আল্লাহর কিতাবে নেই। আল্লাহ মহা পবিত্র এ হচ্ছে মহা মিথ্যা অপবাদ। আল্লাহ আল্লামা ইবনুল কাইয়্যিমকে রহম করুন। তিনি বলেন,

"যাদের ইলমের পরিমাণ এরূপ হবে,
সে যেন তা চুপ ও গোপন করে ঢেকে রাখে।"

আল্লাহ অনর্থক কিছু করা থেকে পবিত্র। তাই তাঁর কিতাবে এমন কিছু থাকা অসম্ভব যার কোন ফায়দা নেই। এ ধরনের ভুলগুলো তেমন কোন সংশয় নয় তাই এর বিস্তারিত প্রতিবাদ লেখার কোন প্রয়োজন নেই। কেননা এ হচ্ছে তাদের ভুলের স্তম্ভ, যা এ মিল্লাত না বুঝার কারণে তৈরী হয়েছে। ইতোপূর্বের আলোচনা থেকে মিল্লাতে ইব্‌রাহীম কাকে বলে ও তার বিষয়বস্তু কি, সে মিল্লাত দ্বারা কি চাওয়া হয় তা বিস্তারিত আলোচনা করা হয়েছে। আপনি জেনেছেন সেটা হলো ইসলামের মূল ও 'লা ইলাহা ইল্লাল্লাহ' -র অর্থ। আর কালিমাতে রয়েছে 'হ্যাঁ' ও 'না' বোধকের সমাহার। সে দুটি হচ্ছে শিরক ও মুশরিকদের সাথে সম্পর্ক ছিন্ন করা ও তাদের সাথে শত্রুতা প্রকাশ করা এবং একমাত্র আল্লাহর জন্য ইবাদতকে একনিষ্ঠ করা ও তাঁর ওলীদের সাথে ভাল সম্পর্ক রাখা। আপনি জানেন এটিই হচ্ছে দ্বীনের মূল ও বিধানকৃত শরীয়ত। একে উঠিয়ে দেয়ার জন্য যদি সারা দুনিয়ার আলেম ও মূর্খরা একত্রিত হয় তারা কখনো প্রমাণ দ্বারা সক্ষম হবে না। আমরা আপনাকে বর্ণনা করেছি যে, আল্লাহ তা'আলা আমাদের কাছে ইব্‌রাহীম (আঃ)-এর অবস্থা আমাদের জন্য বর্ণনা করেছেন এবং তাঁর সাথে তাঁর জাতির মু'মিন যারা ছিলেন তাদেরও। তাঁরা তাদের কওম থেকে কিভাবে আলাদা হয়ে গেছেন ও তাদের বিরুদ্ধে শত্রুতা ও ঘৃণা প্রকাশ করেছেন তাদের অবস্থা বর্ণনা করার পূর্বে আল্লাহ সরাসরি বলেছেন,

ইব্‌রাহীম (আঃ) ও যারা তাঁর সাথে ছিলেন তাদের মধ্যে তোমাদের জন্য রয়েছে উত্তম আদর্শ ... (মুমতাহিনা ৬০ঃ ৪)

এরপর আল্লাহ আরো বলেছেন ঃ

নিশ্চয় তোমাদের জন্য তাদের মধ্যে রয়েছে উত্তম আদর্শ যারা আল্লাহ ও কিয়ামাত দিবসের মুখোমুখি হওয়ার আশা রাখে । (মুমতাহিনা ৬০ঃ ৬)

এরপর আল্লাহ আরো বলেছেন এবং সতর্ক করেছেন ঃ

যে মিল্লাতে ইব্‌রাহীম হতে মুখ ফিরিয়ে নিবে আল্লাহ অমুখাপেক্ষী ও প্রশংসিত । (মুমতাহিনা ৬০ঃ ৬)

